

WELCOME
TO
Transportation Engg.-1

Sub.Code : 26463

Presented By :

Kawser Rakib
Part Time Teacher(Civil)
Mymensingh Polytechnic Institute

Farhad Ali
Part Time Teacher(Civil)
Mymensingh Polytechnic Institute

CIVIL

6th
SEMESTER

অধ্যায় ১

পরিবহন এর প্রকারভেদ জনপথ পরিকল্পনা এবং সড়কের
অ্যালাইনমেন্ট ও জরিপের অনুধাবন

যে টপিকগুলো নিয়ে আলোচনা করা হবে:

- পরিবহন এর শ্রেণীবিভাগ
- গুরুত্বপূর্ণ প্রাচীন সড়কের বৈশিষ্ট্য বর্ণনা
- জনপথ পরিকল্পনার উদ্দেশ্য

পরিবহন এর শ্রেণীবিভাগ

- স্থল পথ

- সড়কপথ

- রেলপথ

- জলপথ

- বিমানপথ

পরিবহন এর শ্রেণীবিভাগ(চলমান)

সড়কপথ: গ্রাম রাস্তা, নগর রাস্তা, সংযোগ রাস্তা, জাতীয় ও আন্তর্জাতিক জনপথ ইত্যাদি এর আওতাভুক্ত বিভিন্ন ধরনের যানবাহনের সহজ গমনাগমন, মালামাল বা দ্রব্যসামগ্রীর সহজ পরিবহন ও যাত্রী সাধারণের যাতায়াতের জন্য এ ধরনের সড়ক ব্যবহৃত হয়। এধরনের সড়ক দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

রেলপথ: মাটির রাস্তার উপরে বিশেষ ব্যবস্থায় ইস্পাতের রেল গাড়ি চলাচলের জন্য রাস্তা নির্মাণ করা হয় তাকে রেলপথ বলা হয়। রেলগাড়ি অত্যন্ত দ্রুত চলাচল করে এবং অধিক লোড বহনে সক্ষম হয়।

পরিবহন এর শ্রেণীবিভাগ(চলমান) :

□ জলপথ

সমুদ্র নদী খাল জলাধার ইত্যাদিতে নৌযান চলাচলের পথ জলপথ। এ পথে যাত্রী ও মালামাল পরিবহন করা হয়। যদিও এখানে একটু সময় বেশি দরকার হয় কিন্তু এ পথে খরচের পরিমাণ খুবই কম এটি অর্থনৈতিক দৃষ্টিতে সাশ্রয়ী।

□ বিমানপথ

আকাশ পথের যাত্রী ও মালামাল পরিবহনের জন্য বিমান হেলিকপ্টার ইত্যাদি আকাশযান ব্যবহৃত হয় এ পথে পরিবহন খুবই দ্রুত তবে ব্যয়বহুল পথের ব্যবহার সীমিত।

গুরুত্বপূর্ণ প্রাচীন সড়কের বৈশিষ্ট্য বর্ণনা

(চলমান)

□ রোমিয় সড়ক:

এ ধরনের সড়ক খ্রিস্টপূর্ব ৪০০ হতে ২০০ খ্রিস্টাব্দের মধ্যে নির্মিত। এগুলো রোম সাম্রাজ্যের মূলত সামরিক বাহিনীর চলাচলের জন্য নির্মিত হয়েছিল।

- সড়কগুলোতে নরম মাটি সরিয়ে সড়ক নির্মাণ করা হতো
- সড়কগুলো বিনোদনের সুযোগ করে নির্মান করা হতো
- এ গুলো সামরিক বাহিনী চলাচলের জন্য ব্যবহৃত হতো
- এ গুলো শক্তিশালী কিন্তু অর্থনৈতিক ব্যয় বেশী হয়েছিল
- এগুলোর প্রস্থ ২.২ মিটার হতে ২.৫ মিটার ছিল

গুরুত্বপূর্ণ প্রাচীন সড়কের বৈশিষ্ট্য বর্ণনা (চলমান)

□ ট্রেসা কুইট সড়ক :

১৭৭৫ হতে ১৭৮৫ সাল পর্যন্ত ফ্রান্সের ইন্সপেক্টর জেনারেল অব রোডস থাকাকালে মি: ট্রেসা কুইট এ রাস্তা নির্মাণের পদ্ধতিগত দিক উন্নয়ন সাধন করেন।

এই সড়কের প্রধান প্রধান বৈশিষ্ট্যগুলো হচ্ছে:

□ এগুলো প্রায় ৩০ সেন্টিমিটার পুরু

□ এগুলোতে সাবগ্রেড ও নিষ্কাশন ব্যবস্থার উপর বিশেষ নজর রাখা হত

□ এগুলোকে স্বাভাবিক আকৃতিতে রাখার জন্য সার্বক্ষণিক মেরামত ও তত্ত্বাবধানে রাখা হতো।

গুরুত্বপূর্ণ প্রাচীন সড়কের বৈশিষ্ট্য বর্ণনা

□ মেটকাফ সড়ক:

ট্রেসাকুইট যখন ফ্রান্সে রাস্তার উন্নয়নে ব্যস্ত এমনি সময় ইংল্যান্ডে মেটকাফ তার উদ্ভাবিত প্রায় ২৯০ কিলোমিটার রাস্তা নির্মাণ করেন।

□ নিষ্কাশন ব্যবস্থার উপর নজর দেওয়া হতো

□ সাবগ্রেন্ডের উপর গ্রাভেলের স্তর দিয়ে তার উপর সড়ক নির্মাণ করা হতো

□ সড়ক দুর্ভাবদ্ধ করার জন্য প্রতি স্তর প্রয়োগের পর যানবাহন চলাচলের জন্য উন্মুক্ত করে দেওয়া হতো।

গুরুত্বপূর্ণ প্রাচীন সড়কের বৈশিষ্ট্য

□ টেলফোর্ড সড়ক:

স্কটল্যান্ড এর অধিবাসী লন্ডন ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্সের প্রতিষ্ঠাতা বিশিষ্ট প্রকৌশলী টেলফোর্ড উদ্ভাবিত বিশেষ নিয়মে নির্মিত সড়কই টেলফোর্ড সড়ক নামে পরিচিত।

□ এগুলো প্রায় ৯ মিটার প্রশস্ত করে তৈরি করা হতো

□ এগুলোতে ভিত্তের স্থায়িত্বতার জন্য বৃহৎ আকারের পাথর এর স্তর দেয়া হতো

□ এগুলোতে ভিত্তি স্তরের পানি নিষ্কাশনের জন্য ১০ মিটার পরপর আড়াআড়ি ড্রেন তৈরী করা হত

□ এগুলোর বেস কোর্স দু স্তরে এবং সারফেস কোর্সও দু স্তরে নির্মাণ করা হতো।

গুরুত্বপূর্ণ প্রাচীন সড়কের বৈশিষ্ট্য বর্ণনা

□ ম্যাকাডাম সড়ক:

স্কটল্যান্ড এর অধিবাসী ইংল্যান্ডের সার্ভেয়ার জেনারেল অব রোডস, বিশিষ্ট সড়ক প্রকৌশলী ম্যাকাডাম কর্তৃক উদ্ভাবিত সড়ক ম্যাকাডাম সড়ক নামে পরিচিত।

- এগুলো নির্মাণে সাবগ্রেড দৃঢ়াবদ্ধকরণ ও নিষ্কাশনের ব্যবস্থা ছিল
- এগুলোর সাবগ্রেডে আড়াআড়ি ঢাল প্রদান করা হতো
- ভিত্তিস্তর, মধ্যবর্তী স্তর, সমাপনী বা পৃষ্ঠস্তর-এ তিন স্তরে স্থাপন করা হতো
- এগুলোতে ছোট ছোট পাথর টুকরা ব্যবহার করা হতো
- এগুলো নির্মাণে নমনীয় সড়কের গুণাবলী বিদ্যমান ছিল
- এগুলো নির্মাণ আধুনিক সড়কের সাথে সঙ্গতিপূর্ণ ছিল
- বর্তমানে কিছুটা পরিবর্তন করে এগুলোর নির্মাণের পদ্ধতি অনুসরণ করা হয়।

জনপথ পরিকল্পনার উদ্দেশ্য

- ❑ প্রাপ্য অর্থে সর্বাধিক দৈর্ঘ্যে সড়ক নির্মাণ
- ❑ ভবিষ্যতের প্রয়োজন অনুযায়ী নতুন সড়ক নির্মাণ
- ❑ বরাদ্দকৃত অর্থ অনুযায়ী ধাপে ধাপে উন্নয়ন কর্মসূচী নেয়া
- ❑ বরাদ্দকৃত অর্থ অপ্রতুল হলে গুরুত্বপূর্ণ অংশ আগে নির্মাণ করা
- ❑ সড়কের খরচ-উপকারিতা অনুপাত জানার জন্য
- ❑ অর্থ যোগান ব্যবস্থার হিসাব নিকাশে সহায়তা করার জন্য ।

অধ্যায়-০২

সড়কের জ্যামিতিক গঠন,
প্রস্থচ্ছেদ ও সন্ধির অনুধাবন

যে টপিকগুলো নিয়ে আলোচনা করা হবে:

- সড়কের জ্যামিতিক গঠনের সংজ্ঞা
- সড়কের জ্যামিতিক গঠনের উপাদানসমূহ
- সমতল সন্ধির সংজ্ঞা
- সমতল সন্ধির শ্রেণিবিভাগ
- রাইট অব ওয়ে
- পেভমেন্টের প্রস্থ নির্ধারণকারী উৎপাদকসমূহ
- গুরুত্বপূর্ণ টার্মের সাথে পরিচিতি

সড়কের জ্যামিতিক গঠনের সংজ্ঞা

সড়ক ব্যবহারকারী সড়কের যেসব অংশ সরাসরি দেখতে পায় সে অংশগুলোকে সড়কের জ্যামিতিক গঠন বলে।
যেমন: ঢাল, ক্যান্সার, সুপার এলিভেশন, সড়কের প্রস্থ, অনুভূমিক ও উল্লম্ব বাঁক, দৃষ্টিগোচরতা, সড়ক সন্ধি ইত্যাদি।

সড়কের জ্যামিতিক গঠনের উপাদানসমূহ

- ১) প্রস্থচ্ছেদের উপাদান (ক্যান্সার, সুপার এলিভেশন, সড়কের প্রস্থ ইত্যাদি)
- ২) দৃষ্টিগোচরতা (থামার দুরত্ব, অতিক্রমের দুরত্ব, ঢাল ইত্যাদি)
- ৩) অনুভূমিক ও উলম্ব বাঁক
- ৪) সড়ক ইন্টারসেকশন

সমতল সন্ধির সংজ্ঞা

দুইয়ের অধিক সড়ক কোনো বিন্দুতে মিলিত হলে সড়ক সন্ধির সৃষ্টির হয় ।

যেস্থানে তিন বা ততোধিক সড়ক একই অনুভূমিক তলে অর্থাৎ সমতলে মিলিত হয় তাকে সমতল সড়ক সন্ধি বলে ।

সমতল সন্ধির শ্রেণিবিভাগ

১. সড়ক সংযোগের আকৃতি অনুযায়ী:

- ১) টি- সংযোগ
- ২) সমকোণী বা ক্রস সংযোগ
- ৩) স্ট্যাগার্ড সংযোগ
- ৪) ওয়াই সংযোগ
- ৫) স্কিউড ক্রস সংযোগ
- ৬) স্কিউড স্ট্যাগার্ড সংযোগ
- ৭) বহুমুখী সংযোগ

সমতল সন্ধির শ্রেণিবিভাগ (চলমান)

২. সড়ক সংযোগের নির্দেশক আইল্যান্ড, কেন্দ্রীয় আইল্যান্ড ও অন্যান্য নিয়ন্ত্রক অনুযায়ী:

১) আনচ্যানেলাইজড সড়ক সন্ধি-

- ক) প্ল্যান সড়ক সন্ধি
- খ) ফ্লোর্ড সড়ক সন্ধি

২) চ্যানেলাইজড সড়ক সন্ধি-


- ক) টি- সংযোগ
- খ) ক্রস
- গ) ওয়াই
- ঘ) রোটোরি

সমতল সন্ধির শ্রেণিবিভাগ (চলমান)


রোটারী সড়ক:

- ১) বৃত্তাকার রোটারী
- ২) টারবাইন আকৃতির রোটারী
- ৩) ডিম্বাকার রোটারী
- ৪) ট্যানজেন্ট আকৃতির রোটারী
- ৫) পঞ্চভুজ আকৃতির রোটারী

সমতল সন্ধির শ্রেণিবিভাগ (চলমান)



সমতল সন্ধির শ্রেণিবিভাগ (চলমান)




স্টেপার্ড সংযোগ



ক্লিউড সংযোগ

সমতল সন্ধির শ্রেণিবিভাগ (চলমান)




সমতল সড়ির শ্রেণিবিভাগ (চলমান)



সমতল সন্ধির শ্রেণিবিভাগ (চলমান)




চরম্যাক্ টি




চরম্যাক্
ব্রহ্ম

সমতল সড়ির শ্রেণিবিভাগ (চলমান)




চিত্র ৪৮.১১ চ্যানেলাইজড টি



চিত্র ৪৮.১২ চ্যানেলাইজড রুন্ড

সমতল সন্ধির শ্রেণিবিভাগ (চলমান)



চিত্র : ৮.১৩ বিভিন্ন ধরনের চ্যানেলাইজড ওয়াই

সমতল সন্ধির শ্রেণিবিভাগ (চলমান)



সমতল সন্ধির শ্রেণিবিভাগ (চলমান)



রাইট অব ওয়ে (চলমান)

রাইট অব ওয়ে এর প্রস্তু নির্ধারণে বিবেচ্য বিষয়সমূহ:

- ১) পেভমেন্টের প্রস্তু
- ২) শোল্ডারের প্রস্তু
- ৩) খনন বা ভরাটের পার্শ্বঢালের প্রস্তু
- ৪) বার্মের প্রস্তু
- ৫) সড়ক মেরামত সামগ্রী রাখার স্থানের প্রস্তু
- ৬) সড়ক বনায়নের জন্য স্থানের প্রস্তু

রাইট অব ওয়ে (চলমান)

রাইট অব ওয়ে এর প্রস্থ নির্ধারণে বিবেচ্য বিষয়সমূহ:

- ৭) ভবিষ্যৎ উন্নয়নের জন্য প্রস্থ
- ৮) বরোপিটের উপরের তলের প্রস্থ
- ৯) রোড সেপারেটর, পার্কিং, লেন, কাধ, গাটারের জন্য প্রস্থ
- ১০) সাইকেল ড্রাকের প্রস্থ
- ১১) বরোপিটের স্থানের প্রস্থ

পেভমেন্টের প্রস্থ নির্ধারণকারী উৎপাদকসমূহ

- ১) ট্রাফিক লেনের প্রস্থ ও সংখ্যা
- ২) ট্রাফিক লেনের ক্ষমতা
- ৩) যানবাহনের প্রস্থ
- ৪) যানবাহনের গতি ও ধরণ
- ৫) পার্শ্ব ক্লিয়ারেন্স

পেভমেন্টের প্রস্থ নির্ধারণকারী উৎপাদকসমূহ(চলমান)



১) ট্রাফিক লেনের প্রস্থ ও সংখ্যা:

ন্যূনতম পার্শ্ব ক্লিয়ারেন্স রেখে একটি আদর্শ মাপের গাড়ি নিরাপদে একমুখী চলতে যে পরিমাণ প্রস্থের পেভমেন্টের দরকার হয় তাকে একক ট্রাফিক লেন বলে।

একক লেনের পেভমেন্টের প্রস্থ ৩.৮০ মি. ও দু'লেনের সড়কের প্রস্থ ৭.০০ মি.।

পেভমেন্টের প্রস্থ নির্ধারণকারী উৎপাদকসমূহ(চলমান)

১) ট্রাফিক লেনের প্রস্থ ও সংখ্যা:



পেভমেন্টের প্রস্থ নির্ধারণকারী উৎপাদকসমূহ(চলমান)

২) ট্রাফিক লেনের ক্ষমতা:

একক সময়ে কোনো লেনে যত সংখ্যক গাড়ি নিরাপদে চলাচল করতে পারে তাকে লেনের ক্ষমতা বা লেন ক্যাপাসিটি বলে।

ট্রাফিক সংখ্যা অধিক হলে একাধিক লেনের দরকার হতে পারে।

পেভমেন্টের প্রস্থ নির্ধারণকারী উৎপাদকসমূহ(চলমান)

৩) যানবাহনের প্রস্থ:

আদর্শ প্রস্থ ২.৪৪ মিটার। যানবাহনের প্রস্থ অধিক হলে পেভমেন্টের প্রস্থও বাড়বে। তবে যানবাহনের প্রস্থ নির্ধারনে আদর্শ মান মেনে চলা উচিত।

পেভমেন্টের প্রস্থ নির্ধারণকারী উৎপাদকসমূহ(চলমান)

8) যানবাহনের গতি ও ধরণ:

যদি একই সড়কে ভিন্ন ভিন্ন ধরনের ও ভিন্ন ভিন্ন গতির যানবাহন চলাচল করে বা একই লেনে উভয়মুখী যানবাহন চলাচল করে, তবে পেভমেন্টের প্রস্থ অধিক হবে।

পেভমেন্টের প্রস্থ নির্ধারণকারী উৎপাদকসমূহ(চলমান)

৫) পার্শ্ব ক্লিয়ারেন্স:

একক লেনের ক্ষেত্রে প্রতি পাশে অনুমোদিত পার্শ্ব ক্লিয়ারেন্স ০.৬৮ মি. এবং দু'লেনের ক্ষেত্রে প্রতি পাশে ০.৫৩ মি.।

যানবাহনের সংঘর্ষ এড়ানোর জন্য দু'লেনের সড়কে দু'বিপরীতমুখী যানবাহনের মাঝে ১.০৬ মি. ক্লিয়ারেন্স রাখা হয়।

গুরুত্বপূর্ণ টার্মের সাথে পরিচিতি (চলমান)

- ১) রাইট অব ওয়ে
- ২) প্রস্তুতি তলের প্রস্থ
- ৩) পার্শ্ব ঢাল
- ৪) বকচর বা বার্ম
- ৫) এমব্যাংকমেন্ট
- ৬) খনন বা কাটিং
- ৭) ফুটপাত বা পায়ে চলার পথ

গুরুত্বপূর্ণ টার্মের সাথে পরিচিতি (চলমান)

৮) সাইকেল ট্রাক

৯) পার্কিং স্থান

১০) মধ্যমা ফালি বা যানবাহন পৃথককারী

১১) কার্ব

১২) স্কিড

১৩) স্লিপ

যে টপিকগুলো নিয়ে আলোচনা করা হবে:

- গুরুত্বপূর্ণ টার্মের সাথে পরিচিতি
- স্কিডি ও স্লিপ এর পার্থক্য
- ঘর্ষণ সহগে প্রভাব বিস্তারকারী বিষয়সমূহ
- সড়কের জ্যামিতিক গঠনে প্রভাব বিস্তারকারী বিষয়সমূহ
- ক্যাম্বার, থ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা

গুরুত্বপূর্ণ টার্মের সাথে পরিচিতি (চলমান)

রাইট অব ওয়ে:

আইনসম্মত ভাবে সড়কের অ্যালাইনমেন্টের উভয় পাশের যতটুকু এলাকা সড়কের অধিকারে থাকে তাকে রাইট অব ওয়ে বলে।

রাইট অব ওয়ের প্রস্থকে সড়কের জমির প্রস্থও বলে। রাইট অব ওয়ের এলাকাটুকু হুকুম দখল করা হয়।

গুরুত্বপূর্ণ টার্মের সাথে পরিচিতি (চলমান)

প্রস্তুতি তলের প্রস্তু:

মাটি কেটে বা ভরাট করে যানবাহনের চলাচলের জন্য পেভমেন্ট বা ক্যারেজ ওয়ে নির্মাণ করা হয়। ক্যারেজ ওয়ে যে তলের উপর অবস্থান করে তাকে প্রস্তুতি তল বা গঠন তল বলে।

এ তলে সড়কের প্রস্তুকে সড়কের প্রস্তুতি তলের প্রস্তু বলে।

গুরুত্বপূর্ণ টার্মের সাথে পরিচিতি (চলমান)

পার্শ্ব ঢাল:

সাধারণত মাটি বা দানাদার সামগ্রী স্তূপীকৃত করে রাখলে তা অনুভূমিক তলের সাথে ঢালু ভাবে অবস্থান করে। অনুভূমিক তলের সাথে ঢালের এ কোণকে এ্যাংগেল অব রিপোজ বলে। তাই মাটি খনন বা ভরাট কালে ঢালের পরিমাণ এ্যাংগেল অব রিপোজ এর সমান বা কম হতে হবে।

সচারচর পার্শ্ব ঢাল এর পরিমাণ ১:১.৫ হতে ১:২ হয়ে থাকে।

গুরুত্বপূর্ণ টার্মের সাথে পরিচিতি (চলমান)

বকচর বা বার্ম:

বরোপিটের উপরের তল বরাবর বরোপিটের ভিতরের দিকের কিনারা হতে ভরাটে নির্মিত সড়কের ভরাট অংশের নিম্ন প্রান্ত পর্যন্ত যে ভূমি সবসময় ফেলে রাখা হয় তাকে বার্ম বলে ।

ক্ষেত্রবিশেষে ভরাটের পরিমাণ অধিক হলে বিভিন্ন উচ্চতায় বার্ম দিতে হয় ।

গুরুত্বপূর্ণ টার্মের সাথে পরিচিতি (চলমান)

এমব্যাংকমেন্ট:

প্রস্তুতি তল হতে নিচু ভূমিতে মাটির বাধের মতো
সড়ক নির্মাণ কালে মাটি ভরাট ও দৃঢ়াবদ্ধ করে প্রস্তুতি
তলে আনা হয়, এ বাধকে এমব্যাংকমেন্ট বলে।

গুরুত্বপূর্ণ টার্মের সাথে পরিচিতি (চলমান)

শোল্ডার:

পেভমেন্টের উভয় পাশের কিনারা হতে রোডওয়ে এর বাইরের কিনারা পর্যন্ত অংশকে শোল্ডার বলে ।

এটা গাড়ি দাড়ানোর কাজে , গাড়ির জরুরি মেরামতের কাজে এবং একক লেনের সড়কে দ্রুতগতির গাড়িকে ওভারটেকিং করার সুযোগদানের কাজে এবং ক্যারেজ ওয়ে এর স্থায়িত্ব রক্ষার কাজে ব্যবহৃত হয় ।

গুরুত্বপূর্ণ টার্মের সাথে পরিচিতি (চলমান)

সাইকেল ট্রাক:

শহর এলাকার যে সব সড়কে সাধারণত প্রতি ঘন্টায় পাঁচ শতাধিক সাইকেল চলাচল করে, ঐসব সড়কে ক্যারেজওয়ে বরাবর নূন্যতম ২ মি. প্রস্থের সাইকেল ট্রাক সংযুক্ত করা উচিত।

গুরুত্বপূর্ণ টার্মের সাথে পরিচিতি (চলমান)

পার্কিং স্থান:

নগর ও শহর এলাকায় কারের সংখ্যা বিপুল পরিমাণে বৃদ্ধি পাওয়ার ফলে এগুলো পার্কিং এর জন্য সমস্যায় পড়তে হয়। সাধারণত বাণিজ্যিক এলাকা, জনসমাগমের স্থান, সরকারি অফিস, ব্যাংক ইত্যাদি স্থানে পার্কিং সমস্যা প্রকট হয়। তাই নগর ও শহরগুলোতে যথাযথ পার্কিং এর সুযোগ প্রদানও একটি গুরুত্বপূর্ণ বিষয়।

গুরুত্বপূর্ণ টার্মের সাথে পরিচিতি (চলমান)

মধ্যমা ফালি বা যানবাহন পৃথককারী:

একাধিক লেনের সড়কে বিপরীতমুখী যানবাহনকে নিরাপদে সংঘর্ষ এড়িয়ে চলাচলের জন্য মধ্যমা ফালি বা যানবাহন পৃথককারী ব্যবহার করা হয়। একে **Median Strip or Traffic Separator** বলা হয়।

গুরুত্বপূর্ণ টার্মের সাথে পরিচিতি (চলমান)

কার্ব:

এটা এক ধরনের স্বল্প উচ্চতার দেয়াল বিশেষ, যা সড়কের ক্যারেজ ওয়ে ও শোল্ডারের সংযুক্ত স্থানে উভয়কে পৃথককারী রেখায় লম্বালম্বিভাবে নির্মাণ করা হয়। এটা ক্যারেজ ওয়ে হতে ফুটপাত, পার্কিং স্থান, আইল্যান্ডকে পৃথক করে।

গুরুত্বপূর্ণ টার্মের সাথে পরিচিতি (চলমান)

কার্ব:

এটা এক ধরনের স্বল্প উচ্চতার দেয়াল বিশেষ, যা সড়কের ক্যারেজ ওয়ে ও শোল্ডারের সংযুক্ত স্থানে উভয়কে পৃথককারী রেখায় লম্বালম্বিভাবে নির্মাণ করা হয়। এটা ক্যারেজ ওয়ে হতে ফুটপাত, পার্কিং স্থান, আইল্যান্ডকে পৃথক করে।

গুরুত্বপূর্ণ টার্মের সাথে পরিচিতি (চলমান)

স্কিড:

গাড়ির চাকা বিনা আবর্তনে সড়কপৃষ্ঠে হেঁচড়িয়ে দুরত্ব অতিক্রম করাকে স্কিডিং এবং চাকার এরূপ অবস্থাকে স্কিড বলে।

স্কিডিং কালে চাকা ঘোরে না কিন্তু দুরত্ব অতিক্রম করে।

গুরুত্বপূর্ণ টার্মের সাথে পরিচিতি (চলমান)

স্লিপ:

স্কিডিং এর বিপরীত ঘটনাই হল স্লিপ।

যখন সড়কে চাকা আবর্তিত হয় কিন্তু দুরত্ব অতিক্রম করে না, চাকার এ অবস্থাকে স্লিপ বলে।

স্কিডিং ও স্লিপিং এর পার্থক্য

স্কিডিং

গাড়ির চাকা বিনা আবর্তনে সড়কপৃষ্ঠে হেঁচড়িয়ে দুরত্ব অতিক্রম করাকে স্কিডিং

গতি জড়তার কারণে হয়

চলন্ত গাড়িতে আকস্মিক ব্রেক চাপলে স্কিডিং হয়

চাকার আবর্তন অপেক্ষা অতিক্রান্ত দুরত্ব অধিক হয়

লম্বালম্বি ও পার্শ্বমুখী হতে পারে

স্লিপিং

যখন সড়কে চাকা আবর্তিত হয় কিন্তু দুরত্ব অতিক্রম করে না, চাকার এ অবস্থাকে স্লিপিং বলে

ঘর্ষণ সহগের মান অনুমোদিত মানের কম হলে এটা হয়

টায়ার পৃষ্ঠ সমান হলে বা সড়ক পৃষ্ঠ ভিজা হলে বা বালির তৈরী সড়ক হলে স্লিপিং হয়

চাকার আবর্তন অপেক্ষা অতিক্রান্ত দুরত্ব কম হয়

লম্বালম্বি হয়ে থাকে

ঘর্ষণ সহগে প্রভাব বিস্তারকারী বিষয়সমূহ

- সড়কপৃষ্ঠের ধরণ- বিটুমিন সড়কপৃষ্ঠ, মাটির সড়কপৃষ্ঠ, ডব্লিউ. বি. এম. সড়কপৃষ্ঠ।
- পেভমেন্টের অবস্থা-মসৃণ, অমসৃণ, তেলতেলে, কর্দম, ভিজা, শুকনা।
- টায়ারের অবস্থা-নতুন টায়ার, পুরাতন টায়ার।
- টায়ার ও পেভমেন্টের তাপমাত্রা
- টায়ারে চাপের পরিমাণ
- টায়ারের উপর পতিত ভারের পরিমাণ
- গাড়ির ব্রেকের দক্ষতা

সড়কের জ্যামিতিক গঠনে প্রভাব বিস্তারকারী বিষয়সমূহ

- ঘর্ষণ
- সড়কপৃষ্ঠ এর বন্ধুরতা
- সড়কপৃষ্ঠের আলো প্রতিফলন বৈশিষ্ট্য
- সড়কের অবস্থান এলাকার ভূ-সাংস্থানিক অবস্থা
- সড়কে চলাচল কারী যানবাহন ও পদযাত্রী
- ডিজাইন স্পিড
- বৃষ্টিপাত

ক্যাম্বার, গ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা (চলমান)

ক্যাম্বার:

- ❑ সড়কপৃষ্ঠের পানি দ্রুত নিষ্কাশনে সহায়তা করে
- ❑ পেভমেন্টকে শুষ্ক রাখে
- ❑ সড়কপৃষ্ঠে পানি জমতে না দিয়ে ভিত্তিস্তরে পানি প্রবেশ রোধ করে এবং সড়ককে ধ্বংসের হাত থেকে রক্ষা করে
- ❑ চালককে মানসিকভাবে নির্দিষ্ট পথে চলার প্রবণতা সৃষ্টি করে
- ❑ নমনীয় সড়কের স্কিডিং কমিয়ে দেয়
- ❑ সংরক্ষণ ও মেরামত খরচ কমিয়ে দেয়
- ❑ সড়কের স্থাপত্য সৌন্দর্য বৃদ্ধি করে

ক্যাম্বার, গ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা (চলমান)

গ্রেডি়েন্ট :

সড়কের লম্বালম্বি দিকে এর অনুভূমিক দূরত্বের সঙ্গে
সড়কপৃষ্ঠের উঠা বা নামার হারকে গ্রেডি়েন্ট বলে ।

প্রয়োজনীয়তা-

- ❑ ভিন্ন এলিভেশনের দুটি স্থানে সহজে যাতায়াতের জন্য
- ❑ উঠানামার ক্ষেত্রে নিরাপত্তা বিধানের জন্য
- ❑ মাটি কাটা ও মাটি ভরাটের পরিমাণের সমতা এনে খরচ
কমানোর জন্য

ক্যাম্বার, গ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা (চলমান)

গ্রেডি়েন্ট :

প্রয়োজনীয়তা-

- ❑ যানবাহনের পরিচলন ও মেরামত ব্যয় কমানোর জন্য
- ❑ সড়কের দৈর্ঘ্য বরাবর পানি নিষ্কাশনের জন্য
- ❑ ব্রিজের নীচে নৌ চলাচলের অধিক উচ্চতা প্রদানের জন্য
- ❑ সড়ক সন্ধিতে গ্রেড সেপারেশন প্রয়োগের জন্য ।

ক্যাম্বার, গ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা (চলমান)

রুলিং গ্রেডি়েন্ট- যে গ্রেডি়েন্ট বজায় থাকলে যানবাহন
নিচে নামতে দুর্ঘটনায় পড়তে হয় না এবং উপরে
উঠতে অধিক শক্তি বা জ্বালানী ব্যয় করতে হয় না,
তাকে গ্রেডি়েন্ট বলে ।

সমতল সড়কের গ্রেডি়েন্ট ১:৩০ বা ৩.৩৩% এবং
পাহাড়ী সড়কের গ্রেডি়েন্ট ১:২০ বা ৫% হতে পারে ।

ক্যাম্বার, গ্ৰেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের
প্রয়োজনীয়তা (চলমান)

লিমিটিং গ্ৰেডি়েন্ট-

বৃহৎ মাটির কাজের পরিমাণ কমানোর জন্য ক্ষেত্রবিশেষে
বুলিং গ্ৰেডি়েন্ট অপেক্ষা কিছু পরিমাণ অধিক
গ্ৰেডি়েন্ট সড়কে প্রয়োগ করা হয়, এধরনের
গ্ৰেডি়েন্ট কে লিমিটিং গ্ৰেডি়েন্ট বলে।

সমতল সড়কের গ্ৰেডি়েন্ট ১:২০ বা ৫% এবং পাহাড়ী
সড়কের গ্ৰেডি়েন্ট ১:১৮.৭ বা ৬% হতে পারে।

ক্যাম্বার, গ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা (চলমান)

একসেপশনাল গ্রেডি়েন্ট-

পারিপার্শ্বিক অপরিহার্যতার কারণে লিমিটিং গ্রেডি়েন্ট
অপেক্ষা অধিক গ্রেডি়েন্ট প্রয়োগ করতে হয়।
এধরনের গ্রেডি়েন্ট কে একসেপশনাল গ্রেডি়েন্ট
বলে।

সমতল সড়কের গ্রেডি়েন্ট ১:১৫ বা ৬.৬৭% এবং
পাহাড়ী সড়কের গ্রেডি়েন্ট ১:১২ বা ৮.৫% হতে
পারে।

ক্যাম্বার, গ্ৰেডিযেন্ট, সুপার এলিভেশন ও বাঁকের
প্রয়োজনীয়তা (চলমান)

অ্যাভারেজ গ্ৰেডিযেন্ট-

দু বিন্দুর দুরত্ব ও উচ্চতার পার্থক্য অনুযায়ী হিসেব করে যে
ঢাল পাওয়া যায়, তাকে অ্যাভারেজ গ্ৰেডিযেন্ট বলে।

বাস্তব ক্ষেত্রে এর কোনো প্রয়োগ নাই।

যে টপিকগুলো নিয়ে আলোচনা করা হবে:

- ক্যাম্বার, গ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা
- সড়কে ক্যাম্বার, গ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁক প্রয়োগের পদ্ধতি
- যে সব বিষয়ের উপর সড়কের বাক ও গ্রেডি়েন্ট নির্ভর করে
- সড়ক সন্ধির উদ্দেশ্য
- বিভিন্ন ধরনের সড়ক সন্ধির সুবিধা ও অসুবিধা
- আন্ডার পাস ও ওভার পাসের পরিচিতি

ক্যাম্বার, গ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা (চলমান)

মিনিমাম গ্রেডি়েন্ট-

সড়কপৃষ্ঠের পানি নিষ্কাশনের জন্য প্রদত্ত ক্যাম্বার যখন সড়কপৃষ্ঠে পানি পার্শ্বের লম্বালম্বি গাটারে পৌঁছায় তখন সড়ক অনুভূমিক হলে গাটারের গভীরতা সড়কের দূরত্ব বৃদ্ধির সাথে সাথে বাড়াতে হবে, অর্থাৎ অধিক গভীর গাটারের দরকার হবে। এ অবস্থা হতে রেহাই পাওয়ার জন্য সড়কে খুবই সামান্য পরিমাণ গ্রেডি়েন্ট দেয়া হয়, একেই মিনিমাম গ্রেডি়েন্ট বলে।

পাকা ড্রেন=১:৫০০

কাচা ড্রেন=১:২০০

ক্যাম্বার, থ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা (চলমান)

ফ্লোটিং থ্রেডি়েন্ট-

সড়কে যে পরিমাণ নিলুমুখী থ্রেডি়েন্ট প্রয়োগ করলে
ঐ সড়কে নির্দিষ্ট গতিবেগের কোনো গাড়ি প্রবেশ করে
ব্রেক বা ইঞ্জিন শক্তি ব্যবহার না করে একই গতিবেগে
থ্রেডি়েন্ট এলাকা অতিক্রম করতে পারে, তাকে
ফ্লোটিং থ্রেডি়েন্ট বলে ।

ক্যাম্বার, গ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা (চলমান)

সুপার এলিভেশন:

বাঁকে গাড়ি চলাকালে কেন্দ্রাতিগ বল অনুভূমিকভাবে গাড়িকে সড়কের বাইরে ঠেলে নিতে চায়। এ অবস্থা হতে রক্ষাকল্পে কেন্দ্রাতিগ বল গাড়ির ওজন, ঘর্ষণজনিত বল এর মধ্যে ভারসাম্য আনয়নের জন্য বাঁকে সড়কের ভিতরের দিক অপেক্ষা বাইরের দিক উচু করে দেয়া হয়, এ উচুর পরিমাণকে সুপার এলিভেশন বলে। এটা ক্যান্ট নামেও পরিচিত।

ক্যাম্বার, গ্রোডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা (চলমান)

সুপার এলিভেশন দেয়ার ফলে কি সুবিধা পাওয়া যায় বা
প্রয়োজনীয়তা:

- ❑ কেন্দ্রাতিগ বল প্রতিহত হয় এবং গাড়ি উলটে পড়ে না
- ❑ গাড়ির চাকায় বলের সাম্যতা থাকে বিধায় সড়কের ক্ষয়ক্ষতি কম হয়
- ❑ সড়কের বাকের ভেতরের দিক নিচু হয় বিধায় সড়কপৃষ্ঠের বৃষ্টির পানি সহজে নিষ্কাশন হতে পারে
- ❑ বাকে যাত্রীগণ ঝাকুনী ও হেলে পড়া থেকে রক্ষা পায়
- ❑ যাত্রীরা নিরাপদ ও স্বাচ্ছন্দ্য বোধ করে।

ক্যাম্বার, গ্রেডিয়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা (চলমান)

সুপার এলিভেশন নির্ণয়ের সূত্র:

$$e + \mu = \frac{v^2}{127R}$$

মূল সূত্র:

$$e = \frac{v^2}{127R}$$

যদি ঘর্ষণ জনিত সহগ বিবেচনা করা না হয়:

যদি কোনো কারণে সুপার এলিভেশন প্রয়োগ সম্ভব না হয়:

$$\mu = \frac{v^2}{127R}$$

ক্যাম্বার, গ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা (চলমান)

সুপার এলিভেশন নির্ণয়ের সূত্র:

সড়কে মিশ্র যানবাহন চলাচল করলে গাড়ির গতিবেগ $(0.75v^2)$
গতিবেগের ৭৫% ধরা হয়:
$$e = \frac{(0.75v^2)}{127R}$$

ডিজাইনকালে e এর সর্বোচ্চ মান 0.15 বা 1:15
ধরা হয়।

ক্যাম্বার, থ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা (চলমান)

সুপার এলিভেশন নির্ণয়ের নোটেশনসমূহ:

e = সুপার এলিভেশন এর হার, মি./মি.।

V = গাড়ির গতিবেগ, কিমি/ঘন্টা।

= ঘর্ষণ μ সহগ।

R = বাঁকের ব্যাসার্ধ, মি.।

P = কেন্দ্রাতিগ বল, কেজি।

ক্যাম্বার, গ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা (চলমান)

বাঁক:

উলম্ব বা অনুভূমিক তলে দুটি সরল সড়ক কৌণিক ভাবে
মিলিত হলে নিরাপদ ও সহজ গমনাগমনের জন্য মিলনস্থলে
পরস্পরকে বৃত্ত বা অধিবৃত্তের যে চাপের মাধ্যমে সংযোগ
করা হয় তাকে বাঁক বলে ।

ক্যাম্বার, গ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা (চলমান)

বাঁক প্রয়োজনীয়তা:

- ❑ হাঠাৎ দিক পরিবর্তনের অসুবিধা দূর করা
- ❑ সহজে দিক পরিবর্তনের সুবিধাদান করা
- ❑ দিক পরিবর্তনে যাত্রীদের আরামপ্রদ ভ্রমণ ও নিরাপত্তা দান
- ❑ গাড়িকে দিক পরিবর্তনে দূর্ঘটনার হাত থেকে রক্ষা করা
- ❑ দুই অনুভূমিক তলের দুটি সড়ককে সংযোগ দেয়া
- ❑ সড়কের দৈর্ঘ্য কমানো ।

সড়কে ক্যাম্বার, হ্রেডিযেন্ট, সুপার এলিভেশন ও বাঁক প্রয়োগের পদ্ধতি

সড়কে ক্যাম্বার প্রয়োগের পদ্ধতি:

- ১) ব্যারেল ক্যাম্বার
 - ক) অধিবৃত্তীয় ক্যাম্বার
 - খ) উপবৃত্তীয় ক্যাম্বার
- ২) ঢালু ক্যাম্বার
- ৩) মিশ্র ক্যাম্বার
- ৪) বিসেন ক্যাম্বার

সড়কে ক্যাম্বার, হ্রেডিয়েন্ট, সুপার এলিভেশন ও বাঁক প্রয়োগের পদ্ধতি (চলমান)

সড়কে ক্যাম্বার প্রয়োগের পদ্ধতি:

অধিবৃত্তীয় ক্যাম্বার-

এধরনের ক্যাম্বার প্রয়োগ করলে পৃষ্ঠদেশের মধ্যাংশ অনেকটা চেপ্টা এবং প্রান্তীয় অংশদ্বয় কিনারার দিকে ঢালু হয়। এধরনের ক্যাম্বার দ্রুতগামী যানবাহন চলাচলের জন্য খুবই উপকারী। এ ক্যাম্বারের ক্ষেত্রে ক্রাউন বরাবর অঙ্কিত অনুভূমিক রেখা হতে অধিবৃত্ত পর্যন্ত অফসেট নিচের সূত্রের সাহায্যে নির্ণয় করা যায়

সড়কে ক্যাম্বার, হ্রেডিয়েন্ট, সুপার এলিভেশন ও বাঁক প্রয়োগের পদ্ধতি (চলমান)

অধিবৃত্তীয় ক্যাম্বার-

$$Y = \frac{2x^2}{nB}$$

C=ক্রাউনের উচ্চতা


P=অধিবৃত্তে অবস্থিত যে কোনো বিন্দু

X=কেন্দ্রীয় রেখা হতে p বিন্দুর দূরত্ব

Y=ক্রাউনগামী অনুভূমিক রেখা হতে p বিন্দুর দূরত্ব

C-Y=xদূরে ক্যাম্বারের পরিমাণ

n=ঢাল (১:৪০ হলে n=৪০)।




সড়কে ক্যাম্বার, হ্রেডিয়েন্ট, সুপার এলিভেশন ও বাঁক প্রয়োগের পদ্ধতি (চলমান)

ঢালু ক্যাম্বার-

দুটি সরল ঢাল সড়কের কেন্দ্রবিন্দুতে সংযোজিত করে এ
ধরনের ক্যাম্বার প্রয়োগ করা হয়। অভেদ্য সড়ক পৃষ্ঠের
ক্ষেত্রে এধরনের ক্যাম্বার বেশ উপযোগী।

এখানে,

$$x = \frac{1}{4} \cdot \frac{b}{n}$$



সড়কে ক্যাম্বার, গ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁক প্রয়োগের পদ্ধতি (চলমান)

সুপার এলিভেশন প্রয়োগের পদ্ধতি:

১ম ধাপ-সড়কের সোজা অংশে স্বাভাবিক ক্যাম্বার বজায় রেখে
ক্রান্তি বাকের প্রারম্ভ বিন্দু হতে বাকের ভিতরের দিকের
ক্যাম্বার স্বাভাবিক ঢালে রেখে বাকা পথের দুরত্ব বৃদ্ধির
সাথে সাথে বাইরের দিকের ক্যাম্বারের ঢালের মাত্রা ধীরে
ধীরে কমিয়ে ক্যাম্বারের বাইরের দিকের অংশকে ধীরে ধীরে
উচু করা হয়।

সড়কে ক্যাম্বার, গ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁক প্রয়োগের পদ্ধতি (চলমান)

সুপার এলিভেশন প্রয়োগের পদ্ধতি:

২য় ধাপ-এ অনুভূমিক তল প্রাপ্তির দূরত্বের পর হতে পূর্ণ সুপার এলিভেশন প্রয়োগের জন্য হিসেব অনুযায়ী বাকা পথে দূরত্ব অতিক্রমের সাথে সাথে এ ঢালের মাত্রা ধীরে ধীরে বাড়িয়ে নেয়া হয় যেন বৃত্তাকার বাকের প্রারম্ভেই পূর্ণ সুপার এলিভেশন প্রাপ্ত হয়। পুরো বৃত্তাকার বাকেই এ পূর্ণ সুপার এলিভেশনের ঢাল বজায় রাখা হয়।

সড়কে ক্যাম্বার, গ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁক প্রয়োগের পদ্ধতি (চলমান)

সড়কে বাঁক প্রয়োগের পদ্ধতি:

অবস্থান অনুযায়ী বাঁক ২ প্রকার-

- ১) অনুভূমিক বাঁক
- ২) উলম্ব বাঁক

জ্যামিতিক আকৃতি অনুযায়ী বাঁক ৩ প্রকার-

- ১) বৃত্তাকার বাঁক
- ২) অধিবৃত্তাকার বাঁক
- ৩) ক্রান্তি বাঁক

সড়কে ক্যাম্বার, গ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁক প্রয়োগের পদ্ধতি (চলমান)

ক্রান্তি বাঁক:

সংজ্ঞা-অনুভূমিক তলে সহজে দিক পরিবর্তনের জন্য সড়কের সরল অংশ ও বৃত্তাকার বাঁকের বা যৌগিক বা বিপরীত বাঁকের দু'বৃত্তচাপের মাঝে পরিবর্তনশীল ব্যাসার্ধের যে অধিবৃত্তাকার বাঁক স্থাপন করা হয় তাকে ক্রান্তি বাঁক বলে।

সড়কে ক্যাম্বার, থ্রেডিয়েন্ট, সুপার এলিভেশন ও বাঁক প্রয়োগের পদ্ধতি (চলমান)

ক্রান্তি বাঁকের বৈশিষ্ট্য:

- ১) মূল সড়ক ক্রান্তি বাঁকের সাথে স্পর্শক হবে
- ২) এটা বৃত্তাকার বাঁকের সাথে স্পর্শক হিসেবে মিলিত হবে
- ৩) মূল সড়কের সংযোগ বিন্দুতে এর বাঁকের মাত্রা শূন্য হবে
- ৪) বৃত্তাকার বাঁকের সাথে এর সংযোগকালে এর ব্যাসার্ধ বৃত্তাকার বাঁকের ব্যাসার্ধের সমান হবে
- ৫) এর বাঁকের মাত্রা বৃদ্ধির হারের সাথে সুপার এলিভেশনের বৃদ্ধির হার সমানুপাতিক হবে
- ৬) এর দৈর্ঘ্য এমন হবে যেন বৃত্তাকার বাঁকের সংযোগ বিন্দুতে পূর্ণ সুপার এলিভেশন প্রাপ্ত হয়।

সড়কে ক্যাম্বার, থ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁক প্রয়োগের পদ্ধতি (চলমান)

ক্রান্তি বাঁকের প্রকারভেদ:

- ১) স্পাইরাল বা সর্পিল
- ২) ত্রিমাত্রিক অধিবৃত্ত
- ৩) বানোলির লেমিনিস্কেট

সড়কে ক্যাম্বার, থ্রেডিয়েন্ট, সুপার এলিভেশন ও বাঁক প্রয়োগের পদ্ধতি (চলমান)

ক্রান্তি বাঁকের উদ্দেশ্য:

- ১) সরল পথ হতে বৃত্তাকার পথে এবং বৃত্তাকার পথ হতে সরল পথে গাড়িকে সহজ ও আরামদায়ক চলাচলের সুবিধা প্রদান করা
- ২) বাঁকের মাত্রা শূন্য হতে ধীরে ধীরে বাড়িয়ে বৃত্তাকার বাঁকের প্রারম্ভেই বৃত্তাকার বাঁকের সমপরিমাণ আনয়ন করা
- ৩) সুপার এলিভেশনের মান শূন্য হতে ধীরে ধীরে বাড়িয়ে বৃত্তাকার বাঁকের প্রারম্ভে পূর্ণ সুপার এলিভেশন প্রয়োগের সুবিধা প্রদান করা
- ৪) আকস্মিক ভাবে কেন্দ্রাতিগ বলের প্রভাব না বাড়িয়ে শূন্য হতে ধীরে ধীরে বাড়িয়ে বাঁকা পথে গাড়ির ভর ও কেন্দ্রাতিগ বলের লব্ধি সড়কপৃষ্ঠের সাথে সমকোণে রাখা

সড়কে ক্যাম্বার, হ্রেডিয়েন্ট, সুপার এলিভেশন

ও বাঁক প্রয়োগের পদ্ধতি (চলমান)

- ৫) গাড়ি বক্রপথে চলাচল কালে গাড়ির ভর সড়কের ভিতর ও বাইরের দিকে সমানভাবে পতিত করা
- ৬) গতি জড়তার জন্য গাড়ি যাত্রীদেরকে অবাঞ্ছিত ঝাঁকুনি ও হেলে পড়া হতে রক্ষা করা
- ৭) বক্রপথে চলাকালে গাড়িকে দুর্ঘটনার হাত থেকে রক্ষা করা
আকস্মিক দিক পরিবর্তনের কারণে সড়কে মাত্রাতিরিক্ত ইমপ্যাক্ট হওয়া থেকে রক্ষা করা
- ৮) বাঁকে গাড়ির গতি মন্থর না করে স্বচ্ছন্দে গাড়ি চালানোর সুবিধা প্রদান।

যে সব বিষয়ের উপর সড়কের বাক ও গ্রেডিংয়ে নির্ভর করে(চলমান)

- ১) চলাচলকারী যানবাহনের বৈশিষ্ট্য ও ধরণ
- ২) সড়ক এলাকার ভূ-সাংস্থানিক অবস্থা
- ৩) সড়কপৃষ্ঠের বৈশিষ্ট্য
- ৪) অনুভূমিক বাকের অবস্থান
- ৫) পেভমেন্টের প্রস্থ
- ৬) বৃষ্টিপাত ও রান অফের পরিমাণ
- ৭) নিষ্কাশন ব্যবস্থার মান
- ৮) ব্রিজ, সড়ক সন্ধির অবস্থান
- ৯) মাটির কাজের পরিমাণ।

যে টপিকগুলো নিয়ে আলোচনা করা হবে:

- সড়ক সঙ্কির উদ্দেশ্য
- বিভিন্ন ধরনের সড়ক সঙ্কির সুবিধা ও অসুবিধা
- আন্ডার পাস ও ওভার পাসের পরিচিতি
- গাণিতিক সমস্যা ও সমাধান

সড়ক সন্ধির উদ্দেশ্য

- ❑ যানবাহনের মুখোমুখী সংঘর্ষ এড়িয়ে দুর্ঘটনা রোধ করা
- ❑ যানবাহনকে স্ব স্ব সড়কে নিয়মতান্ত্রিক গমনাগমনের সুযোগ দেয়া
- ❑ সড়কের দক্ষতা, সামর্থ্য বৃদ্ধি করা
- ❑ সড়ক যানজট মুক্ত রাখা
- ❑ যানবাহনের নিরাপত্তা, গতিবেগ স্বাভাবিক রাখা

বিভিন্ন ধরনের সড়ক সন্ধির সুবিধা ও অসুবিধা

আনচ্যানেলাইজড সড়ক সন্ধি:

সুবিধা-

- কোনো ধরনের দিক নির্দেশক আইল্যান্ড প্রয়োজন হয় না
- কম সংখ্যক যানবাহনের সুবিধাজনক
- যানবাহন কম হওয়ার জন্য তা স্ব স্ব পথে চলতে পারে

বিভিন্ন ধরনের সড়ক সঙ্কির সুবিধা ও অসুবিধা(চলমান)

আনচ্যানেলাইজড সড়ক সঙ্কির অসুবিধা-

- ❑ যানবাহন অধিক হলে দুর্ঘটনার সম্ভাবনা বেশী থাকে
- ❑ যানবাহন নিয়ন্ত্রনের জন্য ট্রাফিক সিগনাল স্থাপন করতে হয়
- ❑ সুষ্ঠুভাবে যানবাহনের চলাচলের জন্য ট্রাফিক পুলিশ নিয়োগ করতে হয়
- ❑ দুর্ঘটনা এড়ানোর জন্য পর্যায়ক্রমে এক সড়কের যানবাহন বন্ধ রেখে অন্য সড়কের যানবাহন ঈম্পিত পথে চলাচলের জন্য ট্রাফিক পুলিশ, আলোক সংযোগ এর ব্যবস্থা করতে হয় ।

বিভিন্ন ধরনের সড়ক সঙ্কির সুবিধা ও অসুবিধা(চলমান)

চ্যানেলাইজড সড়ক সঙ্কি:

সুবিধা-

- ❑ যানবাহন স্বয়ংক্রিয় ভাবে ঈম্পিত পথ বেছে নেয়, কোনো সতর্কতার প্রয়োজন হয় না
- ❑ যানবাহন এক সড়ক হতে অন্য সড়কে মার্জিং বা ডাইভারজিং কালে নূন্যতম কোণে যাওয়ার ব্যবস্থা করা যেতে পারে বিধায় এতে নূন্যতম বিঘ্নতা ঘটতে পারে
- ❑ এতে সংঘর্ষ বিন্দু পরিবর্তন করা যেতে পারে
- ❑ সঙ্কিতে প্রবেশের পূর্বেই যানবাহনের গতি নিয়ন্ত্রণের জন্য ডিভাইজ ব্যবহার করা যেতে পারে

বিভিন্ন ধরনের সড়ক সঙ্কির সুবিধা ও অসুবিধা(চলমান)

চ্যানেলাইজড সড়ক সঙ্কি:

- ❑ উপযোগী আইল্যান্ড তৈরী করে কম খরচে চ্যানেলাইজেশন করা যায়
- ❑ পদযাত্রীদের পারাপারের জন্য রক্ষাকারী দ্বীপ দেয়া যায়
- ❑ ট্রাফিক সাইন, ট্রাফিক নিয়ন্ত্রক ব্যবহার করা যেতে পারে
- ❑ যানবাহন সঠিক নিয়ন্ত্রণে থেকে আগমন ও প্রস্থান করে
- ❑ আনচ্যানেলাইজড সড়ক সঙ্কি হতে উত্তম।

বিভিন্ন ধরনের সড়ক সঙ্কির সুবিধা ও অসুবিধা(চলমান)

চ্যানেলাইজড সড়ক সঙ্কি:

অসুবিধা-

- ❑ ক্ষেত্রবিশেষে এক সড়কের যানবাহন সড়ক সঙ্কি অতিক্রমকালে অন্য সড়কের যানবাহন থেমে থাকতে হতে পারে
- ❑ কনফ্লিক্ট এলাকা স্বল্প সময়ের ব্যবধানেই মেরামত করতে হয়
- ❑ নির্মাণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয়সাপেক্ষ
- ❑ সঙ্কি অতিক্রমকালে যানবাহনের গতি কমিয়ে দিতে হয়।

আন্ডার পাস ও ওভার পাসের পরিচিতি

আন্ডার পাস:

যে পদ্ধতিতে ভিন্নতলের সড়ক সন্ধিতে একটি সড়ককে ভূপৃষ্ঠ তলে ও অতিক্রমকারী সড়কটি ভূমি নিম্নে ব্রিজ নির্মাণ করে অতিক্রম করানো হয় তাকে আন্ডার পাস বলে ।

এ পদ্ধতিতে পানি নিষ্কাশন একটি প্রকট সমস্যা । বর্ষা কালে বৃষ্টির পানি এ প্রকট সমস্যাকে আরো বাড়িয়ে দেয় ।

আন্ডার পাস ও ওভার পাসের পরিচিতি(চলমান)

ওভার পাস:

যে পদ্ধতিতে একটি সড়ক ভূপৃষ্ঠ তলে এবং অতিক্রমকারী সড়ক ভূপৃষ্ঠস্থ সড়কের উপর ব্রিজ নির্মাণ করে অতিক্রম করানো হয় তাকে ওভার পাস বলে।

এতে পানি নিষ্কাশনে কোনো সমস্যা হয় না।

ব্রিজ অতিক্রমকালে যানবাহনের গতি কমানোর প্রয়োজন হয়।


সড়কে ক্যাম্বার, হ্রেডিয়েন্ট, সুপার এলিভেশন ও বাঁক প্রয়োগের পদ্ধতি (চলমান)

ঢালু ক্যাম্বার-

দুটি সরল ঢাল সড়কের কেন্দ্রবিন্দুতে সংযোজিত করে এ
ধরনের ক্যাম্বার প্রয়োগ করা হয়। অভেদ্য সড়ক পৃষ্ঠের
ক্ষেত্রে এধরনের ক্যাম্বার বেশ উপযোগী।

এখানে,

$$x = \frac{1}{4} \cdot \frac{b}{n}$$



গাণিতিক সমস্যা ও সমাধান (চলমান)

উদাহরণ: ভারী বৃষ্টিপাত এলাকায় বিটুমিনাস সড়ক নির্মাণ করা হবে, যদি সড়কের প্রস্থ ৩.৮ মি. হয় তবে সড়কের কেন্দ্রে ক্যান্সারের পরিমাণ নির্ণয় কর।

সমাধান:

ভারী বৃষ্টিপাত এলাকায় বিটুমিনাস সড়কে ক্যান্সার 1:48 হয়ে থাকে।

$$\text{অতএব, } b = \frac{3.8}{2} = 1.9 \text{ মি.} = 190 \text{ সেমি.}$$

গাণিতিক সমস্যা ও সমাধান (চলমান)

অতএব, কেন্দ্রের ব্যাসার্ধ,

$$\begin{aligned}4x &= 4\left(\frac{1}{4} \cdot \frac{b}{n}\right) \\ &= 4\left(\frac{1}{4} \cdot \frac{190}{48}\right) = 3.96 \text{ সেমি.} \\ &= 4 \text{ সেমি. (প্রায়)}\end{aligned}$$

গাণিতিক সমস্যা ও সমাধান (চলমান)

অথবা,

ভারী বৃষ্টিপাত এলাকায় বিটুমিনাস সড়কে ক্যান্সার 1:48 হয়ে থাকে।

অতএব, $b = \frac{3.8}{2} = 1.9$ মি. = 190 সেমি.

ঐকিক নিয়মে,

48 সেমি. অনুভূমিক দূরত্বে উচ্চতা 1 সেমি.

1 সেমি. অনুভূমিক দূরত্বে উচ্চতা 1/48 সেমি.

190 সেমি. অনুভূমিক দূরত্বে উচ্চতা 1
 $\times 190/48 = 3.96$ সেমি. = 4 সেমি.

সড়কে ক্যাম্বার, হ্রেডিয়েন্ট, সুপার এলিভেশন ও বাঁক প্রয়োগের পদ্ধতি (চলমান)

অধিবৃত্তীয় ক্যাম্বার-

$$Y = \frac{2x^2}{nB}$$

C=ক্রাউনের উচ্চতা


P=অধিবৃত্তে অবস্থিত যে কোনো বিন্দু

X=কেন্দ্রীয় রেখা হতে p বিন্দুর দূরত্ব

Y=ক্রাউনগামী অনুভূমিক রেখা হতে p বিন্দুর দূরত্ব

C-Y=xদূরে ক্যাম্বারের পরিমাণ

n=ঢাল (১:৪০ হলে n=৪০)।



গাণিতিক সমস্যা ও সমাধান (চলমান)

প্রশ্ন: 6 মি. প্রস্থ বিশিষ্ট একটি রাস্তার ঢাল 1:50। এক মিটার পর পর অধিবৃত্তীয় ক্যান্সারের মান নির্ণয় কর।

সমাধান: দেয়া আছে,

ঢাল 1:50, সুতরাং $n=50$

পেভমেন্টের প্রস্থ, $B=6$ মি.= 600 সেমি.

প্রস্থের অর্ধেক= $600/2 = 300$ সেমি.

কিনারা হতে ক্রাউনের উচ্চতা, $C = 300/50=6$ সেমি.

গাণিতিক সমস্যা ও সমাধান (চলমান)

কেন্দ্র হতে দূরত্ব = x সেমি. অফসেট $y = \frac{2x^2}{Bn}$ সেমি. ক্যান্সার = $C - y$ সেমি.

০ (কেন্দ্র)	০.০০	6.00
100	$\frac{2 \times 100^2}{600 \times 50} = 0.67$	$6 - 0.67 = 5.33$
200	2.67	3.33
300 (কিনারা)	6.00	0.00

ক্যাম্বার, গ্রেডিয়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা (চলমান)

সুপার এলিভেশন নির্ণয়ের সূত্র:

$$\text{মূল সূত্র: } e + \mu = \frac{v^2}{127R}$$

যদি ঘর্ষণ জনিত সহগ বিবেচনা করা না হয়: $e = \frac{v^2}{127R}$

যদি কোনো কারণে সুপার এলিভেশন প্রয়োগ সম্ভব না হয়:

$$\mu = \frac{v^2}{127R}$$

ক্যাম্বার, গ্রেডি়েন্ট, সুপার এলিভেশন ও বাঁকের প্রয়োজনীয়তা (চলমান)

সুপার এলিভেশন নির্ণয়ের সূত্র:

সড়কে মিশ্র যানবাহন চলাচল করলে গাড়ির গতিবেগ ডিজাইন
গতিবেগের ৭৫% ধরা হয়:
$$e = \frac{(0.75v^2)}{127R}$$

ডিজাইনকালে e এর সর্বোচ্চ মান 0.15 বা 1:15 ধরা হয়।

গাণিতিক সমস্যা ও সমাধান (চলমান)

প্রশ্ন: প্রতি ঘন্টায় 90 কিমি. ডিজাইন গতিবেগের একটি সড়কে 150 মিটার ব্যাসার্ধের একটি বাঁক দেয়া হল। এ গতিবেগের জন্য কি হারে সুপার এলিভেশন দিতে হবে। যদি সর্বোচ্চ সুপার এলিভেশনের হার 1:15 অতিক্রম না করে তবে বাঁকে গাড়ির গতিবেগ সর্বাধিক কত হওয়া উচিত?

সমাধান:

ধরি, সড়কটিতে মিশ্র যানবাহন চলাচল করবে।

গাণিতিক সমস্যা ও সমাধান (চলমান)

সুপার এলিভেশনের হার,

$$e = \frac{(0.75 \times 90)^2}{127 \times 150}$$
$$= 0.2392$$
$$= 1:4.18$$

90 কিমি./ঘন্টা গতিবেগের জন্য 1:4.18 হারে সুপার এলিভেশন দিতে হবে। তবে, সর্বাধিক সুপার এলিভেশন 1:15। তাই, 1:15 গ্রহণযোগ্য।

সর্বাধিক সুপার এলিভেশন 1:15 অর্থাৎ 0.067 হলে ঘর্ষণ জনিত সহগের জন্য যাচাই,

গাণিতিক সমস্যা ও সমাধান (চলমান)

$$\begin{aligned}\mu &= \frac{90^2}{127 \times 150} - 0.067 \\ &= 0.3582\end{aligned}$$

যেহেতু, $0.058 < \mu < 0.2$ অনুমোদিত $\mu = 0.15$, কাজেই ডিজাইন গতিবেগ কমাতে হবে।

ধরি, সর্বাধিক গ্রহণযোগ্য গতিবেগ V_a কিমি/ঘন্টা।

অতএব,

$$e + \mu = \frac{(V_a)^2}{127R}$$

$$0.067 + 0.15 = \frac{(V_a)^2}{127R} \text{ কিমি/ঘন্টা}$$

$$V_a = 64.29$$

গাণিতিক সমস্যা ও সমাধান (চলমান)

বাঁকে গাড়ির গতিবেগ ৬৪.২৯ কিমি/ঘন্টা সীমিত রাখতে হবে।

অধ্যায়-০৩

দৃশ্যমান দূরত্বের ধারণা

যে টপিকগুলো নিয়ে আলোচনা করা হবে:

- ▶ দৃশ্যমান দূরত্বের সংজ্ঞা ও গুরুত্ব
- প্রতিক্রিয়া সময় ও প্রতিক্রিয়া দূরত্ব
- ব্রেকিং সময় ও ব্রেকিং দূরত্ব
- দৃশ্যমান দূরত্বের প্রকারভেদ
- থামার দৃশ্যমান দূরত্ব ও অতিক্রমের দৃশ্যমান দূরত্ব
- গাণিতিক সমস্যার সামাধান

দৃশ্যমান দূরত্বের সংজ্ঞা ও গুরুত্ব

একজন চালক নিজের আসনে বসে তার সামনে যতটুকু দূরত্ব বাধাহীনভাবে দেখতে পারে তাকে দৃশ্যমান দূরত্ব বলে।

কেন গুরুত্বপূর্ণ:

১. গাড়িকে যথাযথস্থানে ব্রেক করার মাধ্যমে দুর্ঘটনা রোধ করা
২. অপেক্ষাকৃত ধীরগতির গাড়িকে অতিক্রম করার জন্য
৩. অপেক্ষাকৃত দ্রুতগতির গাড়িকে সাইট প্রদান করার জন্য

প্রতিক্রিয়া সময় ও প্রতিক্রিয়া দূরত্ব

প্রতিক্রিয়া সময় :

কোন বাধা দেখা হতে ব্রেক চাপা পর্যন্ত সময় ।

- উপলব্ধির সময়: কোন বাধা দেখা হতে ব্রেক করার সিদ্ধান্ত নেয়া পর্যন্ত সময়- ১.৫ সে. হতে ২ সে. ।
- ব্রেক প্রতিক্রিয়া সময়: ব্রেক করার সিদ্ধান্ত নেয়া হতে ব্রেক করা পর্যন্ত সময়- ০.৫ সে. হতে ১ সে. ।

প্রতিক্রিয়া সময় ও প্রতিক্রিয়া দূরত্ব

- ▶ প্রতিক্রিয়া দূরত্ব: প্রতিক্রিয়া সময়ে অতিক্রান্ত দূরত্ব।

মনে করি, গাড়ির গতিবেগ = V কিলোমিটার/ ঘণ্টা

প্রতিক্রিয়ার সময় = t সেকেন্ড

প্রতিক্রিয়ার দূরত্ব = d মিটার

$$\begin{aligned} \text{প্রতিক্রিয়ার দূরত্ব, } d &= \frac{V \times t \times 1000}{60 \times 60} \\ &= 0.278 Vt \text{ মিটার} \end{aligned}$$

ব্রেকিং সময় ও ব্রেকিং দূরত্ব

► ব্রেকিং সময়:

ব্রেক করার পর হতে গাড়ি সম্পূর্ণ থামা পর্যন্ত সময়।

ব্রেকিং দূরত্ব:

ব্রেকিং সময়ে অতিক্রান্ত দূরত্ব।

ব্রেকিং সময় ও ব্রেকিং দূরত্ব

ব্রেকিং দূরত্ব নির্ণয়:

- d_2 = ব্রেকিং দূরত্ব মিটারে
- f = রাস্তাও গাড়ির চাকার মধ্যকার ঘর্ষণ সহগ
- V = গাড়ির গতিবেগ কিমি/ ঘন্টা
- v = ব্রেক করার মুহূর্তে গাড়ির গতিবেগ মিটার/ সেকেন্ড
- g = মাধ্যাকর্ষণজনিত ত্বরণ
- w = গাড়ির ওজন, কেজি
- $F = fW =$ সর্বোচ্চ উৎপাদিত ঘর্ষণ বল।

ব্রেকিং সময় ও ব্রেকিং দূরত্ব

৯০

ব্রেকিং কালকালীন হাঙ্গামা

গাড়ি থামা পর্যন্ত গাড়ি কর্তৃক কাজের পরিমাণ = $F \times d_2$
= $Wf \times d_2$ ----- (i)

ব্রেক করার পর গাড়ি থামা পর্যন্ত গতিশক্তির পার্থক্য = $\frac{1}{2} mv^2$

$-\frac{1}{2} \times \frac{W}{g} \times v^2 = -\frac{Wv^2}{2g}$ ----- (ii) $\left[\begin{array}{l} W = mg \\ m = \frac{W}{g} \end{array} \right]$

উপরে উল্লেখ করা হয়েছে গাড়ি কর্তৃক কাজের পরিমাণ ও গতিশক্তির পার্থক্য পরস্পর সমান।

$$W \times f \times d_2 = \frac{Wv^2}{2g}$$
$$\Rightarrow d_2 = \frac{v^2}{2gf}$$
$$\Rightarrow d_2 = \frac{(0.278V)^2}{2 \times 9.8}$$
$$\Rightarrow d_2 = \frac{V^2}{254f} \text{ মিটার} \text{ ----- (iii)}$$
$$v = 0.278 V$$

দৃশ্যমান দূরত্বের প্রকারভেদ

- ▶ দৃশ্যমান দূরত্ব ২ প্রকার। যথা:
 ১. থামার দৃশ্যমান দূরত্ব (Stopping Site Distance= SSD)
 ২. অতিক্রমের দৃশ্যমান দূরত্ব (Passing Site Distance= PSD) বা ওভারটেকিং এর দৃশ্যমান দূরত্ব (Overtaking Site Distance= OSD)

থামার দৃশ্যমান দূরত্ব

সংজ্ঞা: নিরাপদে ও যথাযথভাবে গাড়ি থামানোর জন্য প্রয়োজনীয় দূরত্ব।

নির্ণয়:

থামার দৃশ্যমান দূরত্ব = প্রতিক্রিয়া দূরত্ব + ব্রেকিং দূরত্ব

$$D = d_1 + d_2$$

সমতল সড়কের জন্য,

$$D = 0.278Vt + \frac{V^2}{254f}$$

থামার দৃশ্যমান দূরত্ব (চলমান)

ঢালু সড়কের জন্য,

$$D = 0.278Vt + \frac{V^2}{254(f \pm \frac{n}{100})}$$

থামার দৃশ্যমান দূরত্ব (চলমান)

গাড়ির গতিবেগ অনুসারে থামার দৃশ্যমান দূরত্ব


গাড়ির গতিবেগ (কিমি/ঘন্টা)	থামার দৃশ্যমান দূরত্ব (মি.)
48	60
64	84
80	106
97	145
113	183

অতিক্রমের দৃশ্যমান দূরত্ব

সংজ্ঞা:

নিরাপদে কোন গাড়িকে অতিক্রম করার জন্য প্রয়োজনীয় দূরত্ব।

নির্ণয়:



এখানে, $d_1 = 0.278vt$

$$d_2 = b + 2s = 0.278 * V_b * T + 2s$$

$$d_3 = 0.278VT$$

$$D = 0.278vt + 0.278 * V_b * T + 2s + 0.278VT$$

অতিক্রমের দৃশ্যমান দূরত্ব

- ▶ গাড়ির গতিবেগ অনুসারে অতিক্রমের দৃশ্যমান দূরত্ব

গাড়ির গতিবেগ (কিমি/ঘন্টা)	অতিক্রমের দৃশ্যমান দূরত্ব, (মি.)	
	প্রয়োজনীয়	আবশ্যিক
48	183	152
64	335	274
80	488	438
97	701	640
113	996	906

গাণিতিক সমস্যার সমাধান

উদাহরণ-৩ : প্রতি ঘণ্টায় 60 কি.মি. ডিজাইন গতিবেগে চলমান একটি গাড়ির জন্য নিম্নলিখিত অবস্থায় থামার দৃশ্যমান দূরত্ব নির্ণয় কর। প্রতিক্রিয়া সময় 2 সেকেন্ড এবং $\mu = 0.32$ । [ব্রাকশিভো : '০৭, '১৩]

(ক) 3% নিম্নমুখী ঢালে।

(খ) 3% উর্ধ্বমুখী ঢালে।

(গ) সমতল সড়কপৃষ্ঠে।

সমাধান : এখানে, $V = 60$ কি.মি.

$t = 2$ সেকেন্ড

$\mu = 0.32$

(ক) 3% নিম্নমুখী ঢালে :

$$\begin{aligned} \text{S.S.D} &= 0.278Vt + \frac{V^2}{254\left(\mu - \frac{n}{100}\right)} \\ &= 0.278 \times 60 \times 2 + \frac{(60)^2}{254\left(0.32 - \frac{3}{100}\right)} \\ &= 82.23 \text{ মিটার} = 83 \text{ মিটার (প্রায়)} \text{। (Ans)} \end{aligned}$$

অধ্যায়-০৪


সড়ক নির্মানের সাবগ্রেড সয়েল ও বিভিন্ন নির্মাণ
সামগ্রীর বৈশিষ্ট্য

যে টপিকগুলো নিয়ে আলোচনা করা হবে:

- সড়কের সাবগ্রেডের সংজ্ঞা
- বিভিন্ন প্রকার সাবগ্রেড মাটির বৈশিষ্ট্য
- সড়ক নির্মাণের জন্য উপযুক্ত সাবগ্রেড নির্বাচন
- সড়ক নির্মাণের জন্য উপযুক্ত সাবগ্রেড প্রস্তুতি ও উন্নয়ন
- সড়ক নির্মাণে পাথর ও ইটের এগ্রিগেটের সুবিধা ও অসুবিধা
- সড়ক নির্মাণে মোটা এগ্রিগেটের বৈশিষ্ট্য
- সড়ক নির্মাণে ব্যবহৃত এগ্রিগেটের পরীক্ষা
- বিটুমেন ও বিটুমেন জাতীয় পদার্থের পরিচিতি
- বিটুমেন জাতীয় পদার্থের ধর্ম
- বিটুমেন জাতীয় পদার্থের পরীক্ষাসমূহ

সড়কের সাবগ্রেডের সংজ্ঞা

- ✓ সড়কের সর্বনিম্ন স্তর যা সড়ক কাঠামোকে ধারণ করে।
- ✓ সড়কের ভিত্তি।
- ✓ সড়কের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ।



বিভিন্ন প্রকার সাবগ্রেড মাটির বৈশিষ্ট্য

বিভিন্ন প্রকার সাবগ্রেড মাটির বৈশিষ্ট্য:

- ✓ **গ্রাভেল:** প্রধান উপাদান কোয়ার্টজ । আকার গোলাকৃতি ।
- ✓ **মোটা বালি:** এটাও গোলাকৃতি , তবে আকারে ছোট ।
- ✓ **সরু বালি ও পলি:** উভয়েই কৌণিক আকৃতির । পাথরের ভাংগনের ফলে বালি সৃষ্টি হয় । পাথরের রাসায়নিক বিয়োজনের ফলে পলি সৃষ্টি হয় ।
- ✓ **কাদামাটি:** মাটির রাসায়নিক বিয়োজনের ফলে সৃষ্টি হয় । ফ্ল্যাকি বা পাত আকৃতির ।
- ✓ **কলয়েডস:** অতিক্ষুদ্র কাদামাটির কণা । পানিতে ভাসমান অবস্থায় থাকে । মধ্যাকর্ষণ বলে স্থিতিয়ে পড়ে না ।

বিভিন্ন প্রকার সাবগ্রেড মাটির বৈশিষ্ট্য (চলমান)

কনসিসটেন্সী সীমা ও সূচকসমূহ (এটারবাগ লিমিট):

- ✓ **তরল্য সীমা (Liquid Limit, L.L):** মাটি প্রবাহিত হয়। শিয়ারের মান শূন্য।
- ✓ **নম্যতা সীমা (Plastic Limit, P.L):** বিনা ফাটলে/ ভাংগনে ৩ মিমি ব্যাসের সুতায় পরিণত করা যায়।
- ✓ **নম্যতা সূচক (Plasticity Index, P.I):** যে পরিমাণ পানি থাকলে নম্য আচারণ করে। $PI = LL - PL$
- ✓ **সংকোচন সীমা (Shrinkage Limit, S.L):** পানির মাত্রা হ্রাস করলেও নমুনার আয়তনের কোন পরিবর্তন হয় না।

সড়ক নির্মাণের জন্য উপযুক্ত সাবগ্রেড নির্বাচন

বিবেচ্য বিষয়সমূহ:

- ১) উত্তম নিষ্কাশন
- ২) সহজ কম্প্যাকশন
- ৩) সুষম গ্রেডিং
- ৪) গ্রহণযোগ্য স্থিতিস্থাপকতা
- ৫) সংকোচন ও সম্প্রসারণ
- ৬) কম্প্যাকশনে আর্দ্রতারোধী
- ৭) প্লাস্টিকগুণ সম্পন্ন
- ৮) তুষার ক্রিয়ারোধীতা
- ৯) পার্শ্বসরণরোধীতা

সড়ক নির্মাণের জন্য সাবগ্রেড প্রস্তুতি ও উন্নয়ন

- ❖ নরম মাটি কেটে ফেলে তদস্থলে বালি, পাথর, খোয়া দেয়া
- ❖ প্রয়োজনীয় স্ট্যাবিলাইজেশন
- ❖ প্রথম স্তর দেয়ার পর দ্বিতীয়স্তর দেয়া। এসময় ক্যাম্বার দেয়া।
- ❖ উভয়স্তর আলাদাভাবে কম্প্যাকশন করা।
- ❖ সাবগ্রেড পৃষ্ঠে বিটুমেন বা আলকাতরা দেয়া।
- ❖ প্রয়োজনে সাববেজ দিয়ে ভারবহন ক্ষমতা বৃদ্ধি করা।

সড়ক নির্মাণে পাথর এগ্রিগেটের সুবিধা ও অসুবিধা

সুবিধাসমূহ:

- ❖ খুব শক্তিশালী
- ❖ আবহক্রিয়ারোধী ও দীর্ঘস্থায়ী
- ❖ ঘাত সহনীয়
- ❖ অধিক কাঠিন্যতা
- ❖ হাইড্রোফোবিক এগ্রিগেট পানির উপস্থিতিতেও বিটুমেনের সাথে যুক্ত হতে পারে।

*Afraid of water- Lacking Affinity of water, tending to not absorb water.

সড়ক নির্মাণে পাথর এগ্রিগেটের সুবিধা ও অসুবিধা(চলমান)

অসুবিধাসমূহ:

- ❖ কঠিন কিন্তু ভঙ্গুর ।
- ❖ ফ্ল্যাকি আকারের পাথর ব্যবহার উপযোগী নয় ।
- ❖ কিছুটা দুষ্প্রাপ্য ।
- ❖ দাম বেশী ।

সড়ক নির্মাণে ইটের এগ্রিগেটের সুবিধা ও অসুবিধা

সুবিধাসমূহ:

- ❖ শক্তিশালী, ঘাতসহ ও কাঠিন্যতা গুনসম্পন্ন।
- ❖ সহজপ্রাপ্য ও দাম কম।
- ❖ যানবাহন চলাচলে শব্দ কম হয়।
- ❖ বিটুমেন সড়কের বেসকোর্স হিসেবে ব্যবহার করা যায়।

সড়ক নির্মাণে ইটের এগ্রিগেটের সুবিধা ও অসুবিধা (চলমান)

অসুবিধাসমূহ:

- ❖ ভারী যানবাহন চলাচলের জন্য উপযোগী নয় ।
- ❖ ভেঙ্গে যায় ও ধুলা হয় ।
- ❖ ছিদ্রময় বিধায় পানি শোষণ করে ।

সড়ক নির্মাণে মোটা এগ্রিগেটের বৈশিষ্ট্য

- ❖ শক্তি
- ❖ কাঠিন্যতা
- ❖ ঘাতসহনীয়তা
- ❖ স্থায়িত্ব ও খুতহীনতা
- ❖ আকৃতি

সড়ক নির্মাণে ব্যবহৃত এগ্রিগেটের পরীক্ষা

- ❖ অ্যাব্রেশন টেস্ট
- ❖ অ্যাট্রিশন টেস্ট
- ❖ লস অ্যাঞ্জেলস অ্যাব্রেশন টেস্ট
- ❖ এগ্রিগেট ক্রাশিং টেস্ট
- ❖ ইমপ্যাক্ট টেস্ট
- ❖ টিএফভি (Ten Percent Fineness Value)
- ❖ সাউন্ডনেস টেস্ট
- ❖ স্পেসিফিক গ্রাভিটি টেস্ট
- ❖ ওয়াটার অ্যাবজর্পশন টেস্ট
- ❖ শেপ টেস্ট

বিটুমেন ও বিটুমেন জাতীয় পদার্থের পরিচিতি

- ❖ **বিটুমেন:** অপরিশোধিত পেট্রোলিয়ামকে আংশিক পাতন করলে অবশেষ হিসেবে বিটুমেন পাওয়া যায়। এটা হাইড্রোকার্বনের মিশ্রনবিশেষ।
- ❖ **অ্যাসফাল্ট:** প্রাকৃতিকভাবে প্রাপ্ত বিটুমেন। বিটুমেনের সাথে নিষ্ক্রিয় খনিজের মিশ্রন।
- ❖ **স্ট্রেইট রান বিটুমেন:** বিটুমেনসমৃদ্ধ ব্রুড পেট্রোলিয়ামকে ৭০০ ফা. তাপে উত্তপ্ত করলে বাষ্পীয় পাতনের মাধ্যমে আংশিক উদ্বায়ী পদার্থ অপসারণ করে এটা পাওয়া যায়।

বিটুমেন ও বিটুমেন জাতীয় পদার্থের পরিচিতি(চলমান)

- ❖ **কাট-ব্যাক:** গ্যাসোলিন, কেরোসিন, লুব্রিকেটিং ওয়েল ইত্যাদি সংযোগ করে যে বিটুমেনের সান্দ্রতা হ্রাস করা হয় তাকে কাট-ব্যাক বলে।
- ❖ **টার:** বায়ুর অনুপস্থিতিতে যে কোন জৈব পদার্থকে বিধ্বংসী পাতনের মাধ্যমে টার উৎপন্ন করা যায়।

বিটুমেন ও বিটুমেন জাতীয় পদার্থের পরিচিতি(চলমান)

বিটুমেন ও টারের পার্থক্য:

পার্থক্যের বিষয়	বিটুমেন	টার
বর্ণ	গাড় বাদামী হতে কালো	গাড় কালো হতে বাদামী
উৎস	অপরিশোধিত পেট্রোলিয়াম	কয়লা বা কাঠের বিধ্বংসী পাতন
আবহক্রীয়া রোধীতা	উত্তম রোধীতা	কম রোধীতা
দাম	দামী	সস্তা
বিষাক্ততা	নেই	ফেনলের কারণে বিষাক্ত
স্তিতিভবনের সময়	কম	বেশী
নির্মানোপযোগীতা	সড়ক নির্মানে উপযোগী	ছাদ ও জোড় পূরণে উপযোগী

বিটুমেন জাতীয় পদার্থের ধর্ম


- ❖ কনসিসটেন্সী
- ❖ স্থায়িত্বতা
- ❖ কিউরিং হার
- ❖ পানিরোধীতা

বিটুমেন জাতীয় পদার্থের পরীক্ষাসমূহ

- ❖ পেনিট্রেশন
- ❖ কাইনেমিটিক ভিসকোসিটি
- ❖ ডাকটিলিটি
- ❖ সফটেনিং পয়েন্ট
- ❖ ফ্লাশ ও ফায়ার পয়েন্ট
- ❖ আপেক্ষিক গুরুত্ব
- ❖ লস অন হিটিং টেষ্ট

সড়কের সাবগ্রেডের সংজ্ঞা

- ✓ সড়কের সর্বনিম্ন স্তর যা সড়ক কাঠামোকে ধারণ করে ।
- ✓ সড়কের ভিত্তি ।
- ✓ সড়কের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ ।



বিভিন্ন প্রকার সাবগ্রেড মাটির বৈশিষ্ট্য

বিভিন্ন প্রকার সাবগ্রেড মাটির বৈশিষ্ট্য:

- ✓ **গ্রাভেল:** প্রধান উপাদান কোয়ার্টজ । আকার গোলাকৃতি ।
- ✓ **মোটা বালি:** এটাও গোলাকৃতি , তবে আকারে ছোট ।
- ✓ **সরু বালি ও পলি:** উভয়েই কৌণিক আকৃতির । পাথরের ভাংগনের ফলে বালি সৃষ্টি হয় । পাথরের রাসায়নিক বিয়োজনের ফলে পলি সৃষ্টি হয় ।
- ✓ **কাদামাটি:** মাটির রাসায়নিক বিয়োজনের ফলে সৃষ্টি হয় । ফ্ল্যাকি বা পাত আকৃতির ।
- ✓ **কলয়েডস:** অতিক্ষুদ্র কাদামাটির কণা । পানিতে ভাসমান অবস্থায় থাকে । মধ্যাকর্ষণ বলে স্থিতিয়ে পড়ে না ।

বিভিন্ন প্রকার সাবগ্রেড মাটির বৈশিষ্ট্য (চলমান)

কনসিসটেন্সী সীমা ও সূচকসমূহ (এটারবাগ লিমিট):

- ✓ **তরল্য সীমা (Liquid Limit, L.L):** মাটি প্রবাহিত হয়। শিয়ারের মান শূন্য।
- ✓ **নম্যতা সীমা (Plastic Limit, P.L):** বিনা ফাটলে/ ভাংগনে ৩ মিমি ব্যাসের সুতায় পরিণত করা যায়।
- ✓ **নম্যতা সূচক (Plasticity Index, P.I):** যে পরিমাণ পানি থাকলে নম্য আচারণ করে। $PI = LL - PL$
- ✓ **সংকোচন সীমা (Shrinkage Limit, S.L):** পানির মাত্রা হ্রাস করলেও নমুনার আয়তনের কোন পরিবর্তন হয় না।

সড়ক নির্মাণের জন্য উপযুক্ত সাবগ্রেড নির্বাচন

বিবেচ্য বিষয়সমূহ:

- ১) উত্তম নিষ্কাশন
- ২) সহজ কম্প্যাকশন
- ৩) সুষম গ্রেডিং
- ৪) গ্রহণযোগ্য স্থিতিস্থাপকতা
- ৫) সংকোচন ও সম্প্রসারণ
- ৬) কম্প্যাকশনে আর্দ্রতারোধী
- ৭) প্লাস্টিকগুণ সম্পন্ন
- ৮) তুষার ক্রিয়ারোধীতা
- ৯) পার্শ্বসরণরোধীতা

সড়ক নির্মাণের জন্য সাবগ্রেড প্রস্তুতি ও উন্নয়ন

- ❖ নরম মাটি কেটে ফেলে তদস্থলে বালি, পাথর, খোয়া দেয়া
- ❖ প্রয়োজনীয় স্ট্যাবিলাইজেশন
- ❖ প্রথম স্তর দেয়ার পর দ্বিতীয়স্তর দেয়া। এসময় ক্যাম্বার দেয়া।
- ❖ উভয়স্তর আলাদাভাবে কম্প্যাকশন করা।
- ❖ সাবগ্রেড পৃষ্ঠে বিটুমেন বা আলকাতরা দেয়া।
- ❖ প্রয়োজনে সাববেজ দিয়ে ভারবহন ক্ষমতা বৃদ্ধি করা।

সড়ক নির্মাণে পাথর এগ্রিগেটের সুবিধা ও অসুবিধা

সুবিধাসমূহ:

- ❖ খুব শক্তিশালী
- ❖ আবহক্রিয়ারোধী ও দীর্ঘস্থায়ী
- ❖ ঘাত সহনীয়
- ❖ অধিক কার্ঠন্যতা
- ❖ হাইড্রোফোবিক এগ্রিগেট পানির উপস্থিতিতেও বিটুমেনের সাথে যুক্ত হতে পারে।

*Afraid of water- Lacking Affinity of water, tending to not absorb water.

সড়ক নির্মাণে পাথর এগ্রিগেটের সুবিধা ও অসুবিধা(চলমান)

অসুবিধাসমূহ:

- ❖ কঠিন কিন্তু ভঙ্গুর ।
- ❖ ফ্ল্যাকি আকারের পাথর ব্যবহার উপযোগী নয় ।
- ❖ কিছুটা দুষ:প্রাপ্য ।
- ❖ দাম বেশী ।

সড়ক নির্মাণে ইটের এগ্রিগেটের সুবিধা ও অসুবিধা

সুবিধাসমূহ:

- ❖ শক্তিশালী, ঘাতসহ ও কাঠিন্যতা গুনসম্পন্ন।
- ❖ সহজপ্রাপ্য ও দাম কম।
- ❖ যানবাহন চলাচলে শব্দ কম হয়।
- ❖ বিটুমেন সড়কের বেসকোর্স হিসেবে ব্যবহার করা যায়।

সড়ক নির্মাণে ইটের এগ্রিগেটের সুবিধা ও অসুবিধা (চলমান)

অসুবিধাসমূহ:

- ❖ ভারী যানবাহন চলাচলের জন্য উপযোগী নয় ।
- ❖ ভেঙ্গে যায় ও ধুলা হয় ।
- ❖ ছিদ্রময় বিধায় পানি শোষণ করে ।

সড়ক নির্মাণে মোটা এগ্রিগেটের বৈশিষ্ট্য

- ❖ শক্তি
- ❖ কাঠিন্যতা
- ❖ ঘাতসহনীয়তা
- ❖ স্থায়িত্ব ও খুতহীনতা
- ❖ আকৃতি

সড়ক নির্মাণে ব্যবহৃত এগ্রিগেটের পরীক্ষা

- ❖ অ্যাব্রেশন টেস্ট
- ❖ অ্যাট্রিশন টেস্ট
- ❖ লস অ্যাঞ্জেলস অ্যাব্রেশন টেস্ট
- ❖ এগ্রিগেট ক্রাশিং টেস্ট
- ❖ ইমপ্যাক্ট টেস্ট
- ❖ টিএফভি (Ten Percent Fineness Value)
- ❖ সাউন্ডনেস টেস্ট
- ❖ স্পেসিফিক গ্রাভিটি টেস্ট
- ❖ ওয়াটার অ্যাবজর্পশন টেস্ট
- ❖ শেপ টেস্ট

বিটুমেন ও বিটুমেন জাতীয় পদার্থের পরিচিতি

- ❖ **বিটুমেন:** অপরিশোধিত পেট্রোলিয়ামকে আংশিক পাতন করলে অবশেষ হিসেবে বিটুমেন পাওয়া যায়। এটা হাইড্রোকার্বনের মিশ্রনবিশেষ।
- ❖ **অ্যাসফাল্ট:** প্রাকৃতিকভাবে প্রাপ্ত বিটুমেন। বিটুমেনের সাথে নিষ্ক্রিয় খনিজের মিশ্রন।
- ❖ **স্ট্রেইট রান বিটুমেন:** বিটুমেনসমৃদ্ধ ব্রুড পেট্রোলিয়ামকে ৭০০ ফা. তাপে উত্তপ্ত করলে বাষ্পীয় পাতনের মাধ্যমে আংশিক উদ্বায়ী পদার্থ অপসারণ করে এটা পাওয়া যায়।

বিটুমেন ও বিটুমেন জাতীয় পদার্থের পরিচিতি(চলমান)

- ❖ **কাট-ব্যাক:** গ্যাসোলিন, কেরোসিন, লুব্রিকেটিং ওয়েল ইত্যাদি সংযোগ করে যে বিটুমেনের সান্দ্রতা হ্রাস করা হয় তাকে কাট-ব্যাক বলে।
- ❖ **টার:** বায়ুর অনুপস্থিতিতে যে কোন জৈব পদার্থকে বিধ্বংসী পাতনের মাধ্যমে টার উৎপন্ন করা যায়।

বিটুমেন ও টারের জাতীয় পদার্থের পরিচিতি(চলমান)

বিটুমেন ও টারের পার্থক্য:

পার্থক্যের বিষয়	বিটুমেন	টার
বর্ণ	গাড় বাদামী হতে কালো	গাড় কালো হতে বাদামী
উৎস	অপরিশোধিত পেট্রোলিয়াম	কয়লা বা কাঠের বিধ্বংসী পাতন
আবহক্রীয়া রোধীতা	উত্তম রোধীতা	কম রোধীতা
দাম	দামী	সস্তা
বিষাক্ততা	নেই	ফেনলের কারণে বিষাক্ত
স্তিতিভবনের সময়	কম	বেশী
নির্মানোপযোগীতা	সড়ক নির্মানে উপযোগী	ছাদ ও জোড় পূরণে উপযোগী

বিটুমেন জাতীয় পদার্থের ধর্ম

- ❖ কনসিসটেন্সী
- ❖ স্থায়িত্বতা
- ❖ কিউরিং হার
- ❖ পানিরোধীতা

বিটুমেন জাতীয় পদার্থের পরীক্ষাসমূহ

- ❖ পেনিট্রেশন
- ❖ কাইনেমিটিক ভিসকোসিটি
- ❖ ডাকটিলিটি
- ❖ সফটেনিং পয়েন্ট
- ❖ ফ্লাশ ও ফায়ার পয়েন্ট
- ❖ আপেক্ষিক গুরুত্ব
- ❖ লস অন হিটিং টেষ্ট

অধ্যায়-০৫
সড়ক গঠন ও শ্রেণীবিভাগের
ধারণা

যে টপিকগুলো নিয়ে আলোচনা করা হবে:

- মাটি খনন, ভরাট ও কম্প্যাকশন এর পদ্ধতি
- সড়কের এমব্যাংকমেন্টে টারফিং ব্যবহার
- সড়ক নির্মাণে মাটির উত্তম কম্প্যাকশনের মান নির্ণয়ে আবশ্যকীয় কার্যক্ষেত্রের পরীক্ষাদির তালিকা
- বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে সড়কের শ্রেণিবিন্যাস
- বেস ও সারফেসিং এর ধরন নির্বাচনে প্রভাব বিস্তারকারী বিষয়সমূহ
- বিভিন্ন প্রকারের স্বল্প ব্যয়ের সড়ক

মাটি খনন, ভরাট ও কম্প্যাকশন এর পদ্ধতি

মাটি খনন:

যেখানে সড়ক স্বাভাবিক ভূপৃষ্ঠ সড়কের প্রস্তুতি তলের উপরে অবস্থান করে, সেক্ষেত্রে মাটি খননের মাধ্যমে একে প্রস্তুতি তলে আনয়ন করা হয়। এ খননকৃত মাটি সড়কের যেখানে ভরাটের দরকার সেখানে ব্যবহার করা যায় অথবা স্পয়েল ব্যাংক আকারে স্তুপীকৃত করেও রাখা হয়।

খননের পরিমাণ কম হলে কায়িক শ্রমে এবং অধিক হলে যান্ত্রিক প্রক্রিয়ায় করা যেতে পারে।

মাটি খনন, ভরাট ও কম্প্যাকশন এর পদ্ধতি (চলমান)

মাটি খননের গভীরতা বেশী হলে পার্শ্বের স্থায়িত্বতার জন্য নিচের ব্যবস্থা নেয়া যেতে পারে-

- ❑ খনন পার্শ্ব প্রয়োজনীয় ঢাল রেখে খনন করতে হবে
- ❑ খনন পার্শ্ব উত্তমরূপে দৃঢ় করে দিতে হবে
- ❑ সিমেন্ট গ্রাউটিং বা অন্য প্রক্রিয়ায় পার্শ্বঢাল দৃঢ় করতে হবে
- ❑ পানি নিষ্কাশনের যথাযথ ব্যবস্থা রাখতে হবে
- ❑ ধাপে ধাপে বার্ম রেখে খনন করতে হবে
- ❑ খননের পার্শ্বঢালে ঘাসের চাপড়া লাগাতে হবে ।

মাটি খনন, ভরাট ও কম্প্যাকশন এর পদ্ধতি (চলমান)

মাটি ভরাট:

যে ক্ষেত্রে সড়কের প্রস্তুতি তল স্বাভাবিক ভূপৃষ্ঠের উপর অবস্থান করে, সেক্ষেত্রে সড়কের জন্য মাটি ভরাট করতে হয়। ভরাটের জন্য মাটি বরোপিট হতে বা নিকটবর্তী খননে নির্মিত সড়ক এলাকা হতে আনা যেতে পারে।

মাটি খনন, ভরাট ও কম্প্যাকশন এর পদ্ধতি (চলমান)

মাটি ভরাট:

ভরাট মাটি বসে যাওয়ার কারণ:

- ❑ কনসলিডেশনের ফলে
- ❑ ভিত্তি বসে যাওয়ার ফলে
- ❑ ভরাট মাটি বসে যাওয়ার ফলে
- ❑ ভিত্তি ও ভরাট মাটি উভয়েই বসে যাওয়ার ফলে ।

মাটি খনন, ভরাট ও কম্প্যাকশন এর পদ্ধতি (চলমান)

মাটি ভরাট: ভরাট মাটির পার্শ্বঢাল ধসে যাওয়া থেকে রক্ষা করতে করণীয়-

- ❑ ভরাটের সময় যথাযথ কম্প্যাকশন ও কনসলিডেশন করা
- ❑ এ্যাংগেল অব রিপোজ অপেক্ষা অধিক ঢালে পার্শ্বঢাল নির্মাণ করা
- ❑ পেভমেন্ট নির্মাণের পূর্বে সড়কের ভরাট মাটি বসার জন্য পর্যাপ্ত সময় দেয়া
- ❑ সড়কের ঢাল ঘাসের চাপড়ায় আবৃত করা
- ❑ উচ্চ ভরাটের ক্ষেত্রে কিছু দূর পরপর কাউন্টার বার্ম দেয়া
- ❑ অধিক বৃষ্টিপাত এলাকার ঢালে পাথরের আচ্ছাদন দেয়া
- ❑ যথাযথ পানি নিষ্কাশন ব্যবস্থা করা ।

মাটি খনন, ভরাট ও কম্প্যাকশন এর পদ্ধতি (চলমান)

মাটির কম্প্যাকশন:

চাপ প্রয়োগে মাটির মধ্যস্থ ফাঁকসমূহ কমিয়ে মাটির কণাগুলোকে পরস্পরের দৃঢ় সানিধ্যে আনার প্রক্রিয়াকে মাটির কম্প্যাকশন বলে।

এতে মাটির ঘনত্ব ও স্থায়িত্বতা বাড়ে, বসে যাওয়ার মাত্রা হ্রাস পায় এবং পানির উপস্থিতি মাটিতে বিরূপ ক্রিয়া করতে পারে না।

মাটি খনন, ভরাট ও কম্প্যাকশন এর পদ্ধতি (চলমান)

মাটির কম্প্যাকশন:

মাটির কম্প্যাকশনে প্রভাব বিস্তারকারী বিষয়সমূহ-

- ১) মাটির সিক্তার পরিমাণ
- ২) কম্প্যাকশনকালে প্রয়োগকৃত চাপের পরিমাণ
- ৩) মাটির ধরন
- ৪) মাটিতে পাথর বা কংকর কণার উপস্থিতি
- ৫) কম্প্যাকশনে ব্যবহৃত যন্ত্রপাতির ধরন।

মাটি খনন, ভরাট ও কম্প্যাকশন এর পদ্ধতি (চলমান)

মাটির কম্প্যাকশন এর প্রয়োজনীয়তা-

- ❑ মাটির ফাকা অংশের পরিমাণ হ্রাস করে দানাগুলোকে পারস্পারিক সুদৃঢ় সানিধ্যে আনয়নের মাধ্যমে মাটির ঘনত্ব বৃদ্ধি করে
- ❑ মাটির স্থায়িত্বতা বৃদ্ধির জন্য কম্প্যাকশনের প্রয়োজন
- ❑ পানির উপস্থিতিতে বিরূপ প্রভাব রোধ করার জন্য
- ❑ মাটির বিভিন্ন স্তরে সেটেলমেন্ট না ঘটানোর জন্য
- ❑ সড়কের সাবগ্রেড, বেস, সাববেজ স্তরের যথার্থ পুরুত্ব বজায় রাখার জন্য উক্ত স্তরসমূহের মাটির কম্প্যাকশন করার প্রয়োজন।

সড়কের এমব্যাংকমেন্টে টারফিং ব্যবহার

সংজ্ঞা:

ভরাটে নির্মিত সড়কের শোল্ডার, পাশ্বঢাল, বার্ম ইত্যাদি অংশের স্থায়িত্ব যথাযথ ভাবে সংরক্ষণের জন্য ঘাসের চাপড়া দিয়ে আচ্ছাদিত করে দেয়াকে টারফিং বলে।

সাধারণত লতানো দূর্বাজাতীয় ঘাসের চাপড়া দিয়েই টারফিং করা হয়ে থাকে।

সড়কের এমব্যাংকমেন্টে টারফিং ব্যবহার (চলমান)

টারফিং এর প্রয়োজনীয়তা-

- ❑ সড়কের শোল্ডার, পার্শ্বঢাল, বার্ম ইত্যাদি অংশের মাটির ক্ষয় রোধ করার জন্য
- ❑ চিত্তাকর্ষক, মনোরম, মনোহরি, আকর্ষনীয়, দৃষ্টিনন্দন সড়ক দৃশ্য সৃষ্টি করার জন্য
- ❑ শোল্ডার, পার্শ্বঢাল, বার্ম ইত্যাদিতে বর্ষায় কাদা সৃষ্টি রোধ করার জন্য
- ❑ পশুখাদ্যের সবুজ ঘাস উৎপাদন ও সংগ্রহের জন্য।

সড়ক নির্মাণে মাটির উত্তম কম্প্যাকশনের মান নির্ণয়ে
আবশ্যকীয় কার্যক্ষেত্রের পরীক্ষাদির তালিকা

- ১) আর্দ্রতার পরিমাণ নিরূপন
- ২) শুষ্ক ঘনত্বের পরিমাণ নিরূপন

বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে সড়কের শ্রেণিবিন্যাস

নির্মাণ উপকরণের উপর ভিত্তি করে:
(চলমান)

১. মাটির সড়ক
২. স্ট্যাবিলাইজড মাটির সড়ক
৩. মোরাম সড়ক
৪. গ্রাভেল সড়ক
৫. ওয়াটার বাউন্ড ম্যাকাডাম সড়ক
৬. বিটুমেন সড়ক
৭. সিমেন্ট কংক্রীট সড়ক
৮. ব্লক পেভমেন্ট সড়ক

বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে সড়কের শ্রেণিবিন্যাস

(চলমান)

চলাচলকারী যানবাহনের সংখ্যার উপর ভিত্তি করে:

- ১) অধিক সংখ্যক যানবাহন চলাচলের সড়ক
- ২) মধ্যম সংখ্যক যানবাহন চলাচলের সড়ক
- ৩) স্বল্প সংখ্যক যানবাহন চলাচলের সড়ক

বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে সড়কের শ্রেণিবিন্যাস (চলমান)

যানবাহনের ধরনের উপর ভিত্তি করে:

- ১) পদযাত্রীর পথ বা ফুটপাথ
- ২) সাইকেল ট্রাক
- ৩) মোটর ক্যারেজ ওয়ে
- ৪) এক্সপ্রেস ওয়ে।

বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে সড়কের শ্রেণিবিন্যাস

(চলমান)
লেনের সংখ্যার উপর ভিত্তি করে:

- ১) একক লেনের সড়ক
- ২) দ্বি- লেনের সড়ক
- ৩) ত্রিলেনের সড়ক
- ৪) বহুলেনের সড়ক ।

বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে সড়কের শ্রেণিবিন্যাস

(চলমান)
যানবাহন চলাচলের দিকের উপর ভিত্তি করে:

- ১) একমুখী চলাচলের সড়ক
- ২) উভয়মুখী চলাচলের সড়ক
- ৩) দু'ক্যারেজ ওয়ে বিশিষ্ট সড়ক।

বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে সড়কের শ্রেণিবিন্যাস

(চলমান)

যানবাহন চলাচলকারী এলাকার উপর ভিত্তি করে:

- ১) সমতল ভূমিতে সড়ক
- ২) পাহাড়ি সড়ক
- ৩) গ্রাম্য সড়ক
- ৪) শহর এলাকার সড়ক

বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে সড়কের শ্রেণিবিন্যাস

(চলমান)
সড়ক নির্মাণে ব্যয়ের উপর ভিত্তি করে:

- ১) স্বল্প ব্যয়ের সড়ক
- ২) মধ্যম মানের সড়ক
- ৩) উন্নত মানের সড়ক

বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে সড়কের শ্রেণিবিন্যাস

(চলমান)
সড়কের দৃঢ়তার উপর ভিত্তি করে:

- ১) অনমনীয় সড়ক
- ২) নমনীয় সড়ক ।

বেস ও সারফেসিং এর ধরন নির্বাচনে প্রভাব বিস্তারকারী বিষয়সমূহ

- ১) যানবাহনের বৈশিষ্ট্য ও পরিমাণ
- ২) নির্মাণ সামগ্রীর প্রাপ্যতা
- ৩) প্রাপ্য যন্ত্রপাতি
- ৪) সাবগ্রোডের মাটির প্রকৃতি
- ৫) আবহাওয়া
- ৬) নিষ্কাশন ব্যবস্থা

বেস ও সারফেসিং এর ধরন নির্বাচনে প্রভাব বিস্তারকারী বিষয়সমূহ (চলমান)

- ৭) সড়কের জন্য প্রাপ্ত অর্থ
- ৮) নির্মাণ কাজ সম্পাদনের মেয়াদকাল
- ৯) ভূনিম্নস্থ পানিতলের অবস্থান
- ১০) প্রকল্পের ব্যয় ও উপোযোগিতা।

বিভিন্ন প্রকারের স্বল্প ব্যয়ের সড়ক

মাটির সড়ক:

- ❑ এর সকল অংশই সড়ক সংলগ্ন মাটিতে তৈরি
- ❑ নূন্যতম ব্যয়ে নির্মিত সড়ক
- ❑ যানবাহন চলাচল করে না বললেই চলে
- ❑ নির্মাণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ খরচ খুবই কম
- ❑ বর্ষাকালে কর্দমাক্ত ও শুষ্ক ঋতুতে ধূলিময় থাকে
- ❑ গরুর গাড়ি চলাচলের জন্য উপযোগী
- ❑ ক্যাম্বারের পরিমাণ ১:২০ হতে ১:২৫ হয়ে থাকে
- ❑ পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকলে ধসে পড়ে।

বিভিন্ন প্রকারের স্বল্প ব্যয়ের সড়ক (চলমান)

গ্রাভেল সড়ক:

- ❑ বালি, কাদা ও গ্রাভেলের মিশ্রণকে কম্প্যাকশন করে তৈরী
- ❑ বালি, কাদা ও গ্রাভেলের পরিমাণ যথাক্রমে ২৬%, ১৩% ও ৬১%.
- ❑ এগুলো পাকা সড়কের অন্তর্ভুক্ত নয়
- ❑ এগুলোর মান পাকা ও মাটির সড়কের মাঝামাঝি
- ❑ ক্যাম্বার ১:২৫ হতে ১:৩০
- ❑ পিট-রান-গ্রাভেল বা ক্রাশড গ্রাভেল দিয়ে তৈরী।

বিভিন্ন প্রকারের স্বল্প ব্যয়ের সড়ক (চলমান)

স্ট্যাবিলাইজড মাটির সড়ক:

- ❑ বালি ও কাদার নির্দিষ্ট অনুপাতের মিশ্রণকে কম্প্যাকশন করে তৈরী
- ❑ প্রয়োজনে এ্যাডমিক্সার ব্যবহার করা যেতে পারে
- ❑ উত্তম লোড বহন করতে পারে
- ❑ খরচ খুবই কম
- ❑ টেকসই ও স্থায়িত্বশীল
- ❑ এ্যাডমিক্সার হিসেবে সিমেন্ট, বিটুমেন, চুন, রেজিন ব্যবহৃত হয়।

যে টপিকগুলো নিয়ে আলোচনা করা হবে:

- বিভিন্ন প্রকারের সড়কের পরিচিতি ও নির্মাণ পদ্ধতি
- ওয়াটার বাউন্ড ম্যাকাড্যাম সড়কের রক্ষণাবেক্ষণ
- বিটুমিনাস পেভমেন্টে ব্যবহৃত সামগ্রীর বিনির্দেশ
- বিটুমিনাস সড়ক নির্মাণ পদ্ধতি
- বিটুমিনাস সড়কের সুবিধা ও অসুবিধা
- সিলকোট, ট্যাক কোট ও প্রাইম কোট এর পার্থক্য
- বিভিন্ন প্রকারের জোড়া
- টাইবার ও ডাওয়েল বারের পার্থক্য
- নমনীয় ও অনমনীয় পেভমেন্টের পার্থক্য

বিভিন্ন প্রকারের সড়কের পরিচিতি ও নির্মাণ পদ্ধতি

ওয়াটার বাউন্ড ম্যাকাড্যাম সড়ক:

স্কটল্যান্ডের বিখ্যাত প্রকৌশলী জন ম্যাকাড্যামের নামানুসারে এই সড়কের নামকরণ করা হয়। বেস কোর্সে নির্দিষ্ট গ্রেডেশনের কোণাকৃতির পাথর ব্যবহার করে রোলারের সাহায্যে রোলিং করে দৃঢ়াবদ্ধ করার পর অ্যাগ্রিগেটের মধ্যস্থ ফাক পূরণে নির্দিষ্ট গ্রেডেশনের পাথর গুড়া এবং পর্যাপ্ত পানি সহযোগে ফিলার সামগ্রী ব্যবহার করে যে সড়ক নির্মাণ করা হয় তাই ওয়াটার বাউন্ড ম্যাকাড্যাম সড়ক।

বিভিন্ন প্রকারের সড়কের পরিচিতি ও নির্মাণ পদ্ধতি (চলমান)

ওয়াটার বাউন্ড ম্যাকাড্যাম সড়ক: নির্মাণের ধাপসমূহ-

১. সাবগ্রেড প্রস্তুতকরণ
২. মোটা এগ্রিগেট বিছিয়ে দেয়া এবং রোলিং করা
৩. গুড়া এগ্রিগেট বিছিয়ে দেয়া
৪. ফাক পূরণকারী সামগ্রী ছড়িয়ে দেয়া এবং পর্যাপ্ত পানি দেয়া
৫. রোলিং করা
৬. পৃষ্ঠ ও শোল্ডারের কাজ সমাপ্ত করা।

বিভিন্ন প্রকারের সড়কের পরিচিতি ও নির্মাণ পদ্ধতি (চলমান)

বিটুমিনাস সড়ক:

বিটুমিনজাত সামগ্রী বাঁধুনী সামগ্রী হিসেবে ব্যবহার করে যে সড়ক নির্মাণ করা হয় তাই বিটুমিনাস সড়ক। এগুলোকে সাবগ্রেড ও যানবাহনের চাহিদার উপর ভিত্তি করে যেমন খুবই হালকা স্তরে তেমনি পুরু স্তরেও নির্মাণ করা যায়। বিটুমিন এমন এক ধরনের সামগ্রী যা ডিজাইন অনুযায়ী পরিমিত মাত্রায় সড়কে ব্যবহার করলে সড়কের স্থায়িত্বতা ও শক্তি বৃদ্ধি পায়।

বিভিন্ন প্রকারের সড়কের পরিচিতি ও নির্মাণ পদ্ধতি (চলমান)

সিমেন্ট কংক্রীট ও আর.সি.সি সড়ক: নির্মাণের ধাপসমূহ-

- ১) সাবগ্রেড প্রস্তুত করণ
- ২) সাববেস প্রস্তুত করণ
- ৩) ফর্মা স্থাপন
- ৪) সামগ্রীর ব্যাচিং ও মিশ্রণ তৈরীকরণ
- ৫) কংক্রীট বহন ও স্থাপন
- ৬) দৃঢ়করণ

বিভিন্ন প্রকারের সড়কের পরিচিতি ও নির্মাণ পদ্ধতি (চলমান)

সিমেন্ট কংক্রীট ও আর.সি.সি সড়ক: নির্মাণের ধাপসমূহ-

৬) সমাপ্তিকরণ

- ফ্লোটিং
- স্ট্রেইট এজিং
- বেল্টিং
- রুমিং
- এজিং

৭) কিউরিং

বিভিন্ন প্রকারের সড়কের পরিচিতি ও নির্মাণ পদ্ধতি (চলমান)

সিমেন্ট কংক্রীট ও আর.সি.সি সড়ক: নির্মাণের ধাপসমূহ-

- ৮) পেভমেন্টে পৃষ্ঠ চূড়ান্তকরণ
- ৯) ফর্মা অপসারণ
- ১০) জয়েন্ট পূরণকরণ
- ১১) যানবাহন চলাচলের অনুমতি দেয়া।

ওয়াটার বাউন্ড ম্যাকাড্যাম সড়কের রক্ষণাবেক্ষণ

- সূক্ষ্ম মাটি শুষ্ক হলে দ্রুতগামী যানবাহনগামী যানবাহন চলাচলকালে এগুলো বাতাসে উড়ে যায় এবং ধীরে ধীরে বাইন্ডার স্তরের বিলুপ্তি ঘটে। এজন্য সড়ক পৃষ্ঠে মাঝে মাঝে পানি ছিটিয়ে এটিকে আর্দ্র রাখা হয়।
- অবিরাম ব্যবহারের ফলে সড়ক পৃষ্ঠে ছোট গর্ত ও বড় গর্তের সৃষ্টি হয়। এগুলো দেখা দেওয়া মাত্র মেরামত করতে হবে।
- সড়কপৃষ্ঠে অনেক সময় ঢেউ খেলানো অবস্থার সৃষ্টি হয়। ভালো মানের সামগ্রী ব্যবহার করে যথানিয়মে ও ভালোভাবে রোলিং করে দিতে হবে।
- সড়ক সামগ্রী সরে গেলে ভালোমানের বাইন্ডার স্তর ব্যবহার করে উত্তমরূপে কম্প্যাক্ট করে দিতে হবে।

ওয়াটার বাউন্ড ম্যাকাড্যাম সড়কের রক্ষণাবেক্ষণ (চলমান)

- সড়কের কিনারা ধসে গেলে শোল্ডারের সাপোর্টকে শক্তিশালী করে সড়কের কিনারা উন্নতমানের মাটি দিয়ে মেরামত করতে হয় ।
- সড়কপৃষ্ঠের কোনো অংশের ক্ষেত্রফলের ৩৩% এর অধিক অংশে মেরামতের দরকার হলে সড়কপৃষ্ঠের ঐ পুরো অংশই মেরামত করতে হবে ।

বিটুমিনাস পেভমেন্টে ব্যবহৃত সামগ্রীর বিনির্দেশ (চলমান)

১) সারফেস ড্রেসিং:

অ্যাগ্রিগেট (পাথরকুচি) এর বিনির্দেশ-

ধর্ম/ ভৌত বৈশিষ্ট্য	সর্বোচ্চ মান
লস অ্যাঞ্জেলস অ্যাব্রেশন	৩৫%
ইম্প্যাক্ট	৩০%
ফ্ল্যাকিনেস ইনডেক্স	২৫%
পানি শোষণ	১%
সোডিয়াম সালফেট লস (৫ সাইকেলে)	১২%
স্ট্রিপিং	২৫%

বিটুমিনাস পেভমেন্টে ব্যবহৃত সামগ্রীর বিনির্দেশ (চলমান)

১) সারফেস ড্রেসিং:

বাঁধনী সামগ্রী এর বিনির্দেশ-

সচরাচর বিটুমেন ব্যবহার করা হয়। যার গ্রেড ৮০/১০০
হতে ১৮০/২০০ হবে।

বিটুমিনাস পেভমেন্টে ব্যবহৃত সামগ্রীর বিনির্দেশ (চলমান)

২) প্রাইম কোট, ট্যাক কোট:

প্রাইম কোট ও ট্যাক কোটে বাঁধনী সামগ্রী হিসেবে ৮০/১০০ বিটুমেন বা রোড টার (RT-3, RT-4) ব্যবহৃত হয়। এছাড়াও RC-0 বা MC-1 বা SC-1 ব্যবহার করা যায়।

বিটুমিনাস পেভমেন্টে ব্যবহৃত সামগ্রীর বিনির্দেশ (চলমান)

৩) সিল কোট:

সিল কোটে স্ট্রেইট রান বিটুমেন RT-4 বা RT-5 রোড টার ব্যবহার করা হয়। শীত প্রধান এলাকায় ১৭৫/২২৫ পেনিট্রেশন থ্রেডের স্ট্রেইট রান বিটুমেন এবং পাহাড়ি ও শীতল এলাকায় রোড টার RT-2 এবং গরম এলাকায় ৮০/১০০ পেনিট্রেশন থ্রেডের স্ট্রেইট রান বিটুমেন ও স্বাভাবিক সমতল এলাকায় RT-3 ব্যবহার করাই শ্রেয়।

বিটুমিনাস পেভমেন্টে ব্যবহৃত সামগ্রীর বিনির্দেশ (চলমান)

৪) পেনিট্রেশন বা গ্রাউটেড ম্যাকাডাম সড়ক:

কোর্স অ্যাগ্রিগেট এর বিনির্দেশ-

ধর্ম/ ভৌত বৈশিষ্ট্য	সর্বোচ্চ মান
লস অ্যাঞ্জেলস অ্যাব্রেশন	৫০%
ইম্প্যাক্ট	৩০%
ফ্লাকিনেস ইনডেক্স	২৫%
পানি শোষণ	১%
সোডিয়াম সালফেট লস (৫ সাইকেলে)	১২%
স্ট্রিপিং	২৫%

বিটুমিনাস পেভমেন্টে ব্যবহৃত সামগ্রীর বিনির্দেশ (চলমান)

৪) পেনিট্রেশন বা গ্রাউটেড ম্যাকাডাম সড়ক:

বাঁধনী সামগ্রী এর বিনির্দেশ-৩০/৪০, ৬০/৭০,
৮০/১০০ পেনিট্রেশন গ্রেডের বিটুমেনের যেকোনো
একটি ব্যবহার করা যায় অথবা রোড টার RT-4 বা
RT-5 ব্যবহার করা যায়।

বিটুমিনাস সড়ক নির্মাণ পদ্ধতি

গ্রাউটেড বা পেনিট্রেশন ম্যাকাডাম সড়ক:

ক) পূর্ণ গ্রাউটেড ম্যাকাডাম সড়ক-

- পৃষ্ঠ দেশ প্রস্তুতি
- কোর্স অ্যাগ্রিগেট ছড়ানো ও রোলিং
- বিটুমিন প্রয়োগ
- কী অ্যাগ্রিগেট ছড়ানো
- সিল কোট প্রয়োগ
- সড়কে যানবাহন চলাচলের অনুমতি প্রদান ।

বিটুমিনাস সড়ক নির্মাণ পদ্ধতি (চলমান)

গ্রাউটেড বা পেনিট্রেশন ম্যাকাডাম সড়ক:

খ) অর্ধ গ্রাউটেড ম্যাকাডাম সড়ক-

- পৃষ্ঠদেশ প্রস্তুত করণ
- অ্যাগ্রিগেট ছড়ানো
- পানি ছিটানো ও রোলিং
- বাঁধনী সামগ্রী প্রয়োগ
- সূক্ষ কণার পাথর ছড়ানো ও রোলিং ।

বিটুমিনাস সড়ক নির্মাণ পদ্ধতি (চলমান)

বিটুমিনাস বাউন্ড ম্যাকাডাম সড়ক:

- খ) অর্ধ গ্রাউটেড ম্যাকাডাম সড়ক-
- পৃষ্ঠদেশ প্রস্তুত করণ
 - প্রাইম কোট ও ট্যাক কোট প্রয়োগ
 - মিশ্রন তৈরিকরণ
 - মিশ্রন প্রয়োগ
 - রোলিং
 - যানবাহন চলাচলের অনুমতি প্রদান ।

বিটুমিনাস সড়কের সুবিধা ও অসুবিধা (চলমান)

সুবিধা:

- পৃষ্ঠদেশ মসৃণ বিধায় এতে ট্রাকটিভ বাধার পরিমাণ কম
- দ্রুত নির্মাণ ও মেরামত করা যায়
- মধ্যম ভারবহনকারী যানবাহন চলাচলের জন্য উপযোগী
- যানবাহন চলাচলে শব্দ ও কম্পান কম হয়
- প্রাথমিক নির্মাণ খরচ খুবই কম
- আলোর প্রতিফলনের পরিমাণ কম বিধায় চালকের চোখ ঝলসায় না

বিটুমিনাস সড়কের সুবিধা ও অসুবিধা চলমান)

সুবিধা:

- মেরামতকালে যানবাহন চলাচল সম্পূর্ণরূপে বন্ধ রাখতে হয় না
- স্বল্প মেরামতের জন্য বৃহৎ অংশ ভেঙ্গে মেরামত করতে হয় না
- স্থিতিস্থাপকতা সন্তোষজনক
- পৃষ্ঠদেশ পানি অপ্রবেশ্য
- নির্মাণে দক্ষ কারিগরের দরকার হয় না
- জোড়া ও ডিজাইনগত জটিলতা নির্মাণে বিঘ্ন ঘটায় না।

বিটুমিনাস সড়কের সুবিধা ও অসুবিধা চলমান)

অসুবিধা:

- ❑ স্থির পানিতে আক্রান্ত হয় বিধায় বন্যার পানিতে দ্রুত নষ্ট হয়
- ❑ স্বল্প সময়ের ব্যবধানে মেরামত করতে হয়
- ❑ রক্ষণাবেক্ষণ খরচ খুবই কম
- ❑ অতিরিক্ত ঠান্ডায় সড়কপৃষ্ঠে ফাটল দেখা দেয়
- ❑ দৃঢ় স্থায়িত্বশীল সাবগ্রেড দরকার হয়
- ❑ স্লিপ ও স্কিড ঘটার সম্ভাবনা বেশী
- ❑ রাত্রিবেলা চালকের দৃষ্টিসীমা কমে যায় ।

সিলকোট, ট্যাক কোট ও প্রাইম কোট এর পার্থক্য

ট্যাককোট	প্রাইম কোট	সিলকোট
ওয়্যারিং সারফেস ও সড়কপৃষ্ঠের দৃঢ় বন্ধনের জন্য সড়কপৃষ্ঠে কম সান্দ্রতার বিটুমিনের যে হালকা প্রলেপ দেয়া হয়	সড়কপৃষ্ঠের আলগা অ্যাগ্রিগেট ও বেস এর বন্ধন সৃষ্টি করে ওয়্যারিং সারফেসের সাথে সংযোগ দেয়ার জন্য তরল বিটুমিনের যে হালকা স্তর দেয়া হয়	সড়কপৃষ্ঠকে পানি অভেদ্য ঘর্ষণমুক্ত ও চলাচলে আরামদায়ক করার জন্য পাথরকুচি বা বালি ও বিটুমিনের মিশ্রণের যে কম পুরুত্বের স্তর দেয়া হয়
সিমেন্ট কংক্রীট বা বিটুমেন সড়কপৃষ্ঠে ওয়্যারিং সারফেস দেয়ার জন্য প্রয়োগ করা হয়	আলগা অ্যাগ্রিগেটের সড়কপৃষ্ঠে ওয়্যারিং সারফেস দেয়ার জন্য প্রয়োগ করা হয়	ক্ষতিগ্রস্ত পুরানো বিটুমিন সড়কপৃষ্ঠে বা ওপেন টেক্সচার নতুন বিটুমিন সড়কের ফাঁক পূরণে

সিলকোট, ট্যাক কোট ও প্রাইম কোট এর পার্থক্য(চলমান)

ট্যাককোট	প্রাইম কোট	সিলকোট
পূর্বের সড়কপৃষ্ঠ ও ওয়্যারিং সারফেসের মধ্যে দৃঢ় বন্ধন সৃষ্টি করে	আলগা অ্যাগ্রিগেট, বেস ও ওয়্যারিং সারফেসের মধ্যে দৃঢ় বন্ধন সৃষ্টি করে	পানি অভেদ্য, স্কিডরোধ এবং সড়কপৃষ্ঠের স্থায়িত্বতা বৃদ্ধি করে
কাট ব্যাক: ১০ কেজি	বিটুমেন: ১২ কেজি	পাথরকুচি: ০.১০ ঘনমি.

বিভিন্ন প্রকারের জোড়া

এল্যাইনমেন্টের সাথে জোড়ার দিকের উপর ভিত্তি করে:

১. লম্বালম্বি জোড়া
২. আড়াআড়ি জোড়া

জোড়ার কাজের উপর ভিত্তি করে:

১. সংকোচন জোড়া
২. প্রসারণ জোড়া
৩. ওয়ার্পিং জোড়া
৪. নির্মাণ জোড়া

টাইবার ও ডাওয়েল বারের পার্থক্য

টাইবার	ডাওয়েল বার
লম্বালম্বি জোড়ায় আড়াআড়িভাবে রাস্তায় যে রড ব্যবহার করা হয়	সংকোচন জোড় ও প্রসারণ জোড়ের আড়াআড়িতে যে রড ব্যবহার করা হয়
স্ল্যাবের উপর আগত ভারকে অন্য স্ল্যাবের উপর স্থানান্তর করে	সমহারে সংকোচন ও প্রসারণ ঘটায় সুযোগ প্রদান করে
এ রড পীড়ন প্রতিরোধ করে	পীড়ন প্রতিরোধ করে না
এ বার ব্যবহারে লুব্রিকেন্ট জাতীয় পদার্থ ব্যবহার করা হয় না।	এ বার ব্যবহারে লুব্রিকেন্ট জাতীয় পদার্থ ব্যবহার কর।

নমনীয় ও অনমনীয় পেভমেন্টের পার্থক্য

পার্থক্যের বিষয়	নমনীয় পেভমেন্ট	অনমনীয় পেভমেন্ট
কাঠামোগত আচারন	নমনীয়	অনমনীয়
সাবথ্রেডে বিকৃতি	সাবথ্রেডের উপরস্থ সব স্তরেই প্রভাব পড়ে	পেভমেন্টের উপর কোনো প্রভাব পড়ে না
টানপীড়ন সহ্যক্ষমতা	খুবই কম	পর্যাপ্ত
স্থিতিস্থাপকতা গুন	স্বাভাবিক মানের	উচ্চমানের
নির্মাণ খরচ	কম	বেশী
রক্ষণাবেক্ষণ খরচ	বেশী	নগন্য
স্বায়িত্ব	সন্তোষজনক সময়	দীর্ঘ সময়

নমনীয় ও অনমনীয় পেভমেন্টের পার্থক্য

পার্থক্যের বিষয়	নমনীয় পেভমেন্ট	অনমনীয় পেভমেন্ট
কাঠামোগত আচারন	নমনীয়	অনমনীয়
ধূলাবালি সৃষ্টি	অধিক	কম
মেরামতের সময়	কম	অধিক
জোড়া	নাই	আবশ্যিক
কম্পন ও শব্দ	কম	বেশী
তাপের প্রভাব	অধিক তাপে গলে যায়	গলে না
সাবথ্রেডের ধরন	অধিক শক্তিশালী	স্বাভাবিক

অধ্যায়-০৬

পাহাড়ি সড়ক এবং সড়কের পানি
নিষ্কাশনের ধারণা

যে টপিকগুলো নিয়ে আলোচনা করা হবে:

- পাহাড়ি সড়কের এ্যালাইনমেন্ট নির্ধারনে বিবেচ্য বিষয়সমূহ
- পাহাড়ি সড়কে ব্যবহৃত বিভিন্ন পারিভাষিক শব্দ
- রিটেইনিং ওয়াল এবং ব্রেস্টওয়াল
- ল্যান্ডস্লাইড বা ভূমিধসের কারণ ও প্রতিরোধ
- সড়কের পানি নিষ্কাশনের আবশ্যিকতা
- পানি নিষ্কাশন ব্যবস্থা ডিজাইনে নিয়ন্ত্রণকারী বিষয়সমূহ
- অনুপযুক্ত নিষ্কাশনের প্রভাব

যে টপিকগুলো নিয়ে আলোচনা করা হবে:

➤ ক্রস ড্রেনেজ ওয়ার্কসের সংজ্ঞা এবং শ্রেণিবিভাগ

পাহাড়ি সড়কের এ্যালাইনমেন্ট নির্ধারনে বিবেচ্য বিষয়সমূহ

- অত্যধিক কষ্টকর ও ব্যয়সাপেক্ষ বিধায় গভীর খনন পরিহার করা উচিত
- খুব বেশী খাড়া ঢাল পরিহার করতে হবে। যদি পরিহার করা সম্ভব না হয় তবে স্বল্পদৈর্ঘ্যের জন্য খাড়া ঢাল দেয়া যাবে।
- যানবাহনের নিরাপত্তার স্বার্থে সড়কের অনুভূমিক বাঁকের বাইরের ধার ঘেসে প্যারাপেট নির্মাণ করতে হবে।
- সড়ক পৃষ্ঠের ও পাহাড়ের উপর দিকের ঢালের অংশের পানি নিষ্কাশনের ব্যবস্থা রাখতে হবে।

পাহাড়ি সড়কের অ্যালাইনমেন্ট নির্ধারনে বিবেচ্য বিষয়সমূহ(চলমান)

- ❑ পাহাড়ি সড়ক যতদূর সম্ভব খননে নির্মাণ করতে হবে, এতে ধসে পড়ার সম্ভাবনা থাকবে না।
- ❑ শীতকালে বরফ গলার সুবিধার্থে পাহাড়ের যে পাশে সূর্যের আলো পড়ে সে পাশ দিয়ে সড়কের অ্যালাইনমেন্ট দিতে হবে।
- ❑ বায়ু প্রবাহের দিকের বিপরীত পাশে পাহাড়ি সড়কের অ্যালাইনমেন্ট নির্ধারণ করতে হবে
- ❑ বায়ু নিঃসরণকারী শিলা এলাকা পরিহার করে পাহাড়ি সড়কের অ্যালাইনমেন্ট দিতে হবে।

পাহাড়ি সড়কের অ্যালাইনমেন্ট নির্ধারনে বিবেচ্য
বিষয়সমূহ(চলমান)

- পাহাড়ি সড়কের অ্যালাইনমেন্টে বাঁকের ব্যাসার্ধ সড়কে চলাচলকারী বৃহৎ দৈর্ঘ্যের যানবাহনের ঘূর্ণায়ন ব্যাসের কমপক্ষে সমান হতে হবে।

পাহাড়ি সড়কে ব্যবহৃত বিভিন্ন পারিভাষিক শব্দ

গ্রামীণ পথ (Track):

পাহাড়ি এলাকায় এক গ্রামের সাথে অন্য গ্রামের বা অন্যান্য কাজের এলাকার যোগাযোগ গ্রামীণ পথের মাধ্যমে সাধিত হয়। এর প্রস্থ ১০০ সেমি. হতে ১২০ সেমি. এবং ঢাল ১:৪ বা ১:৫ বা এর অধিক হতে পারে।

পাহাড়ি সড়কে ব্যবহৃত বিভিন্ন পারিভাষিক শব্দ (চলমান)

ব্রিডল পথ (Bridle Path):

পদযাত্রী ও ঘোড়া বা খচ্চরচালিত বাহন চলাচলের জন্য এজাতীয় পথ ব্যবহৃত হয়। তবে, প্রয়োজনের তাগিদে জিপগাড়ীও চলতে পারবে। এপথের প্রস্থ ২ মি. হতে ৩ মি. এবং ঢাল ১:৮ হতে ১:১০ হয়ে থাকে।

পাহাড়ি সড়কে ব্যবহৃত বিভিন্ন পারিভাষিক শব্দ (চলমান)

মোটর সড়ক বা পাহাড়ি সড়ক (Hill road):

পাহাড়ে মোটর সড়ককেই পাহাড়ি সড়ক বলা হয়। পার্বত্য এলাকায় সব ধরনের যানবাহনই এসড়কে চলাচল করে। সাধারণত, ৩ টন বহনকারী যানবাহনের জন্য সড়কের প্রস্থ ৬ মি., ১ টন বহনকারী যানবাহনের জন্য সড়কের প্রস্থ ৪.৯ মি. এবং জিপগাড়ীর জন্য সড়কের প্রস্থ ২.৫ মি. হতে ৩.৬ মি. হয়ে থাকে।


পাহাড়ি সড়কে ব্যবহৃত বিভিন্ন পারিভাষিক শব্দ (চলমান)

স্যালিয়েন্ট বাঁক(Salient curve):

পাহাড়ি সড়কের অ্যালাইনমেন্ট কোনো খাড়া পাহাড়কে ঘুরে অতিক্রম করা কালে বাইরের দিকে উত্তল বাঁকের সৃষ্টি হয়, এধরনের বাঁককে স্যালিয়েন্ট বাঁক বলে। এধরনের বাঁকে সড়কের ভিতরের দিক বাইরের দিক হতে ঢালু থাকে এবং বাঁকের বাইরের দিকে প্যারাপেট ওয়াল নির্মাণ করতে হয় এবং এতে পর্যাপ্ত দৃশ্যমান দূরত্ব রাখতে হয়।

পাহাড়ি সড়কে ব্যবহৃত বিভিন্ন পারিভাষিক শব্দ (চলমান)

স্যালিয়েন্ট বাঁক(Salient curve):



পাহাড়ি সড়কে ব্যবহৃত বিভিন্ন পারিভাষিক শব্দ (চলমান)

রি-এনট্রেন্ট বাঁক (Re-entrant curve):

পাহাড়ের ঢালে উপত্যকায় বাইরের দিকে যে অবতল বাঁক দেয়া হয়, তাকে রি-এনট্রেন্ট বাঁক বলে। এ বাঁকে সড়কের ভিতরের দিকের তুলনায় বাইরের দিক ঢালু থাকে।


পাহাড়ি সড়কে ব্যবহৃত বিভিন্ন পারিভাষিক শব্দ (চলমান)

হেয়ার পিন বাঁক (Hair Pin Bend):

যখন পাহাড়ি সড়ক কোনো খাড়া পাহাড়কে ঘিরে দিক পরিবর্তন করে তখন যদি এর 'হেড' বৃহৎ আকারের এবং 'নেক' সরু আকারের হয় তাকে হেয়ার পিন বাঁক বলে। এধরনের বাঁক স্থাপন খুবই জটিল বলে পাহাড়ে এধরনের বাঁক পরিহার করা উচিত।

পাহাড়ি সড়কে ব্যবহৃত বিভিন্ন পারিভাষিক শব্দ (চলমান)

হেয়ার পিন বাঁক (Hair Pin Bend):




পাহাড়ি সড়কে ব্যবহৃত বিভিন্ন পারিভাষিক শব্দ (চলমান)

কর্ণার বেণ্ড (Corner Bend):

পাহাড়ি এলাকায় জটিল পরিস্থিতির কারণে কোনো সড়ক যদি ১৮০ ডিগ্রী কোণে দিক পরিবর্তন করে তখন এধরণের বেণ্ডকে কর্ণার বেণ্ড বলে। এধরনের বেণ্ডে দৃশ্যমান দূরত্ব খুবই কম। নিরাপত্তার জন্য কর্ণার বেণ্ডের বাইরের দিকে প্যারাপেট নির্মাণ করা হয়।

পাহাড়ি সড়কে ব্যবহৃত বিভিন্ন পারিভাষিক শব্দ (চলমান)

কর্ণার বেণ্ড (Corner Bend):



পাহাড়ি সড়কে ব্যবহৃত বিভিন্ন পারিভাষিক শব্দ (চলমান)

ট্রেস কাট (Trace cut):

পাহাড়ি সড়ক নির্মাণকালে তদারকির জন্য ৬০ সেমি. হতে ১২০ সেমি. চওড়া যে পথ অ্যালাইনমেন্ট বরাবর নির্মাণ করা হয়, তাকে ট্রেস কাট বলা হয়। সাধারণত এ পথ ১:২৫ রোলিং গ্রেডিয়েন্টে নির্মাণ করা হয়।

রিটেইনিং ওয়াল এবং ব্রেস্টওয়াল (চলমান)

রিটেইনিং ওয়াল:

সড়কের প্রস্থচ্ছেদের একাংশ ভরাটে ও অবশিষ্ট অংশ খননে নির্মিত হলে ভরাট অংশকে ঠেস দিয়ে রাখার জন্য যে দেয়াল নির্মাণ করা হয় তাকে রিটেইনিং ওয়াল বলে। স্যালিয়েন্ট বাঁক, রি-এনড্রেন্ট বাঁক, হেয়ার পিন বাঁক বা কর্ণার বেণ্ডে সড়কে বা যানবাহনের নিরাপত্তাকল্পে এগুলোর বাইরের কিনারা বারাবর রিটেইনিং ওয়াল নির্মাণ করা হয়।


রিটেইনিং ওয়াল এবং ব্রেস্টওয়াল (চলমান)

ব্রেস্টওয়াল:

পাহাড়ি সড়কের ভিতরের দিকের কিনারা বরাবর পাহাড় গাত্রের আলাগা মাটি বা ধসে পড়ার সম্ভবনা সম্পন্ন মাটিকে সাপোর্ট দেয়ার জন্য যে দেয়াল নির্মাণ করা হয় তাকে ব্রেস্টওয়াল বলে।

এ দেয়াল ল্যান্ড স্লাইড প্রতিরোধের মাধ্যমে যানবাহনের দুর্ঘটনা, রাস্তা বন্ধ হওয়ার হাত থেকে রক্ষা করে।

রিটেইনিং ওয়াল এবং ব্রেস্ট ওয়াল (চলমান)



ল্যান্ডস্লাইড বা ভূমিধসের কারণ ও প্রতিরোধ

কারণ:

- ❑ মাটির শিয়ার পীড়নের চেয়ে অধিক শিয়ার পীড়ন মাটিতে উদ্ভূত হলে
- ❑ মাটির আর্দ্রতার মাত্রা বেড়ে গেলে
- ❑ মাটি স্ফীত হলে বা পুণ্ডর ওয়াটার প্রেসার বেড়ে গেলে
- ❑ মাটি খাড়া ঢালে অবস্থান করার ফলে
- ❑ ভূনিম্নে পানির অনুপ্রবণে সিপেজ প্রেসার বেড়ে গেলে
- ❑ বিস্ফোরণ বা ভূমিকম্পের ফলে মাটিতে সৃষ্ট কম্পনের ফলে
- ❑ নিচের দিকের মাটির ক্ষয় বা খননের ফলে
- ❑ ব্রেষ্ট ওয়াল ব্যর্থ হওয়ার ফলে

ল্যান্ডস্লাইড বা ভূমিধসের কারণ ও প্রতিরোধ (চলমান)

প্রতিরোধ:

- ❑ পাহাড়ের ঢালে ও পাহাড়ি সড়কের ভরাট অংশে পর্যাপ্ত কার্যকরী নিষ্কাশন ব্যবস্থা গ্রহণ করা
- ❑ অ্যালাইনমেন্টে ভূমিধসপ্রবণ এলাকা পরিহার করা
- ❑ ঢালের ড্রিটমেন্ট করে স্থায়িত্বতা বৃদ্ধি করা
- ❑ নির্মাণকালে সহজ ঢাল প্রয়োগ করা
- ❑ রিটেইনিং ওয়াল ও ব্রেস্ট ওয়াল নির্মাণ করে ঢালের স্থায়িত্বতা বৃদ্ধি করা
- ❑ ভূমিধসপ্রবণ এলাকা প্রকাশ হওয়ার পূর্বেই প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ করা ।

সড়কের পানি নিষ্কাশনের আবশ্যিকতা

- ❑ পৃষ্ঠস্থ পানি পেভমেন্ট বা শোল্ডারে জমতে পারবে না
- ❑ সড়ক সংলগ্ন এলাকার পানি সড়কে আসতে দেয়া যাবে না
- ❑ ভূপৃষ্ঠস্থ পানি নিষ্কাশনের জন্য লম্বালম্বি ঢালে ড্রেন নির্মাণ করতে হবে
- ❑ সড়কের উপর দিয়ে পানি প্রবাহিত হয়ে শোল্ডার ও পেভমেন্টের ক্ষয়সাধন করতে দেয়া যাবে না
- ❑ চূয়ানো পানি বা কৌশিক ক্রিয়ার পানি অপসারণের জন্য ভূনিম্নস্থ পানি নিষ্কাশনের ব্যবস্থা রাখতে হবে
- ❑ ভূনিম্নস্থ পানিতলকে সাবগ্রেড তল হতে পর্যাণ্ত নিচে রাখতে হবে
- ❑ সড়কের প্রস্তুতি তলকে সর্বোচ্চ বন্যাসীমা হতে ৬০ সেমি. উপরে রাখতে হবে।

পানি নিষ্কাশন ব্যবস্থা ডিজাইনে নিয়ন্ত্রণকারী বিষয়সমূহ

□ ড্রেনে আগত ভূপৃষ্ঠস্থ পানির পরিমাণ:

- ১) বৃষ্টিপাতের তীব্রতা
- ২) বৃষ্টিপাতের পরিমাণ
- ৩) সড়ক এলাকার ভূসংস্থানিক অবস্থা
- ৪) মাটির প্রকৃতি
- ৫) যে পরিমাণ এলাকার পানি নিষ্কাশন করতে হবে
- ৬) রান অফ সহগ।

পানি নিষ্কাশন ব্যবস্থা ডিজাইনে নিয়ন্ত্রণকারী
বিষয়সমূহ(চলমান)

□ নির্মিত ড্রেনের ধরন:

- ১) ড্রেনের অমসৃণতার সহগ
- ২) ড্রেনের প্রস্থচ্ছেদের আকার-আকৃতি
- ৩) ড্রেনের ঢাল
- ৪) ড্রেন ভরাট হওয়ার সম্ভবনা
- ৫) ড্রেনে প্রবাহিত পানির গতিবেগ

□ নিষ্কাশিত পানি অপসারণের সুযোগ-সুবিধা ।

অনুপযুক্ত নিকাশনের প্রভাব

- ❑ মাটি ও গ্রাভেল নরম হয়ে শক্তি হারিয়ে ফেলে
- ❑ সাবগ্রেড নরম হয়ে যায় এবং ভারবহন ক্ষমতা হ্রাস পায়
- ❑ প্রসারণশীল মাটি পানির উপস্থিতিতে আয়তনের হ্রাস-বৃদ্ধি ঘটায়, ফলে সড়ক ব্যর্থ হয়
- ❑ সাবগ্রেডে পানির উপস্থিতি শীতকালে বরফ ক্রিয়ায় সড়ক ধ্বংস করে
- ❑ অনুপযুক্ত নিকাশন সড়কের ঢালে ধসের সৃষ্টি করে
- ❑ বৃষ্টির পানি পেভমেন্ট ও শোল্ডারের উপর দিয়ে প্রবাহিত হয়ে মাটি ক্ষয় করে, ধস নামায় এবং সড়ককে বিফল করে
- ❑ অনুপযুক্ত নিকাশনের কারণে পার্শ্বঢাল ও পার্শ্বড্রেন ক্ষয় হয় এবং সড়ক ব্যবহার উপযোগিতা হারায়

ক্রস ড্রেনেজ ওয়ার্কসের সংজ্ঞা এবং শ্রেণিবিভাগ (চলমান)

সংজ্ঞা:

যখন কোনো সড়ক কোনো জলাশয়, নদী-নালা, খাল বা শ্রোতস্বীনিকে আড়াআড়িভাবে অতিক্রম করে, তখন এ সকল পানি প্রবাহের পানিকে বিঘ্নিত না করে সড়ককে এগুলো অতিক্রম করার জন্য যে বিশেষ ধরনের পাকা কাঠামো নির্মাণ করা হয়, সেগুলোকে ক্রস ড্রেনেজ ওয়ার্কস বা আড়াআড়ি নিষ্কাশন ব্যবস্থা বলা হয়।

ক্রস ড্রেনেজ ওয়ার্কসের সংজ্ঞা এবং শ্রেণিবিভাগ (চলমান)

উদ্দেশ্য:

- সার্বাধিক উপযোগী অ্যালাইনমেন্টে সড়ক নির্মাণ করা
- সড়কের উজান দিকের পানি সহজে ও নিরাপদে অপসারণ করা
- সড়কের উজান এলাকাকে বন্যা ও ফসলহানি হতে রক্ষা করা
- বন্যা পরিস্থিতিতে সড়ককে বন্যার প্রকোপ হতে রক্ষা করা
- বিশেষ ক্ষেত্রে নৌচলাচলে বিঘ্ন সৃষ্টি না করে।

ক্রস ড্রেনেজ ওয়ার্কসের সংজ্ঞা এবং শ্রেণিবিভাগ (চলমান)

শ্রেণিবিভাগ:

১. কালভার্ট: ছোট নালা বা খালের উপর দিয়ে যানবাহন চলাচলের জন্য যে কাঠামো নির্মাণ করা হয় তাকে কালভার্ট বলে। এর স্প্যান অনধিক ৬মি. হয়ে থাকে এবং এর নিচ দিয়ে নৌকা চলাচল করতে পারে না।
২. ব্রিজ: প্রবাহমান নদী, স্রোতস্বীনির উপর দিয়ে যানবাহন চলাচলের জন্য যে কাঠামো নির্মাণ করা হয়, তাকে ব্রিজ বলে। এগুলোর স্প্যান ৬মি. এর অধিক হয়ে থাকে। এর নিচ দিয়ে নৌকা চলাচল করতে পারে।

অধ্যায়-০৭

ট্রাফিক সাইন

যে টপিকগুলো নিয়ে আলোচনা করা হবে:

- ট্রাফিক সাইনের সংজ্ঞা
- ট্রাফিক সাইনের শ্রেণিবিভাগ
- ট্রাফিক সাইনের গুরুত্ব
- ট্রাফিক স্টাডির উপযোগিতা
- ট্রাফিক নিয়মনীতির উপযোগিতা

ট্রাফিক সাইনের সংজ্ঞা

গাড়ি চালককে তার করণীয় নির্ধারণে সজাগ করানোর জন্য পূর্বাঙ্কে তার সামনের সড়কের সুনির্দিষ্ট কোন তথ্য অবহিত করানোর একটি বিশেষ মাধ্যমকে ট্রাফিক সাইন ।

সড়কে যানবাহন সহজ, সুষ্ঠু, দুর্ঘটনামুক্ত ও নিরাপদে চলাচলে নিয়মমাফিক নিয়ন্ত্রনের জন্য সাধারণত ট্রাফিক সাইন, ট্রাফিক সিগন্যাল, রোড মার্কিং এবং আইল্যান্ড ব্যবহার করা হয় ।

ট্রাফিক সাইনের শ্রেণিবিভাগ

ট্রাফিক সাইন তিন ধরনের:

- ১) নিয়মনীতিমূলক বা বাধ্যতামূলক বা আদেশমূলক ট্রাফিক সাইন
- ২) সতর্কতামূলক ট্রাফিক সাইন
- ৩) তথ্যমূলক ট্রাফিক সাইন বা গাইড সাইন


ট্রাফিক সাইনের শ্রেণিবিভাগ (চলমান)

নিয়মনীতিমূলক বা বাধ্যতামূলক বা আদেশমূলক ট্রাফিক সাইন:

যে সব চিহ্ন অনুযায়ী চালক তার গাড়ি চালনা করতে বাধ্য এবং তা অবমাননা করে গাড়ি চালানো শাস্তিযোগ্য অপরাধ, সেগুলোই নিয়মনীতিমূলক বা বাধ্যতামূলক বা আদেশমূলক ট্রাফিক সাইন। এসব চিহ্ন গতিসীমা, পার্কিং নিষেধ, নির্দেশক চিহ্ন, হর্ন বাজানো নিষেধ, ওভারটেক নিষেধ ইত্যাদি সম্পর্কিত হয়ে থাকে।


ট্রাফিক সাইনের শ্রেণিবিভাগ (চলমান)

- ▶ নিয়মনীতিমূলক বা বাধ্যতামূলক বা আদেশমূলক ট্রাফিক সাইন:



ট্রাফিক সাইনের শ্রেণিবিভাগ (চলমান)

- ▶ নিয়মনীতিমূলক বা বাধ্যতামূলক বা আদেশমূলক ট্রাফিক সাইন:



গাড়ি প্রবেশ নিষেধ



একমুখী চলাচল




গতিসীমা



বামে মোড় নিষেধ



ডানে মোড় নিষেধ



গতিসীমা

ট্রাফিক সাইনের শ্রেণিবিভাগ (চলমান)

► নিয়মনীতিমূলক বা বাধ্যতামূলক বা আদেশমূলক ট্রাফিক সাইন:



অ্যাক্সেল লোড সীমিত



হর্ণ বাজানো নিষেধ



ওভার টেকিং নিষেধ



পার্কিং নিষেধ



পারাপার নিষেধ



সামনে প্রধান সড়ক
(ধীরে চলুন)


ট্রাফিক সাইনের শ্রেণিবিভাগ (চলমান)

সতর্কতামূলক ট্রাফিক সাইন:

এ সব চিহ্ন অনুযায়ী চালককে তার সামনের সড়কে গাড়ি চালানোর ক্ষেত্রে প্রয়োজনীয় সতর্কতা গ্রহন সম্পর্কে অবহিত করে। এসব চিহ্ন বিভিন্ন রকমের হয়ে থাকে যেমন: বামে/ডানে আকাবাকা সড়ক, বামে/ডানে মোড়, সামনে সংকীর্ণ সড়ক, সামনে স্কুল, পদযাত্রী পারাপার, রেল গেইট ইত্যাদি।

ট্রাফিক সাইনের শ্রেণিবিভাগ (চলমান)

সতর্কতামূলক ট্রাফিক সাইন:



ট্রাফিক সাইনের শ্রেণিবিভাগ (চলমান)

সতর্কতামূলক ট্রাফিক সাইন:



আঁকাবাঁকা
বামে



আঁকাবাঁকা
ডানে




হেয়ার পিন বেস্ত
ডানে




হেয়ার পিন বেস্ত
বামে




ডেড এন্ড




আড়াআড়ি
সড়ক




উঁচুনিচু
সড়ক



ঝাড়া ঢাল




ফেরি



সংকীর্ণ সেতু




রেলগেট
(পাহারা ছাড়া)




রেলগেট
(পাহারাসহ)



স্কুল



সাইড রোড
ডানে



সাইড রোড
বামে

ট্রাফিক সাইনের শ্রেণিবিভাগ (চলমান)

তথ্যমূলক ট্রাফিক সাইন বা গাইড সাইন:


এ জাতীয় ট্রাফিক চিহ্ন সড়ক ব্যবহারকারীগণকে কোনো বিশেষ স্থানের দুরত্ব, দিকনির্দেশনা দান করে। এছাড়াও এগুলো সড়ক ব্যবহারকারীগণকে বিভিন্ন তথ্য যেমন- মাইলফলক মসজিদ, হাসপাতাল, যাদুঘর, চিড়িয়াখানা ইত্যাদি অবহিত করে।

ট্রাফিক সাইনের শ্রেণিবিভাগ (চলমান)


তথ্যমূলক ট্রাফিক সাইন বা গাইড সাইন:




গতিসীমার সমাপ্তি



পার্কিং স্থান



হাসপাতাল



চিকিৎসাকেন্দ্র



মসজিদ



সড়ক নির্দেশক

ট্রাফিক সাইনের গুরুত্ব

- ❖ সড়ক সংক্রান্ত বিভিন্ন তথ্য পূর্বেই অবগত হওয়ার জন্য ।
- ❖ নিরাপদে গন্তব্যে পৌঁছার জন্য ।
- ❖ বিভিন্ন আদেশ , সতর্কীকরণ ও তথ্য সম্পর্কে অবগত হওয়ার জন্য ।
- ❖ গাড়ির গতি নিয়ন্ত্রন করে জ্যাম রোধ করার জন্য ।
- ❖ নির্বিঘ্নে গাড়ি চলাচল করার জন্য ।
- ❖ কোনো গন্তব্যের দিক ও দুরত্ব সম্পর্কে জানার জন্য ।

ট্রাফিক স্টাডির উপযোগিতা

সুনির্দিষ্ট তথ্য জানার জন্য নিচের স্টাডিগুলো করা হয়ে থাকে:

১. ট্রাফিকের পরিমাণ স্টাডি
২. ট্রাফিক ফ্লো স্টাডি
৩. ট্রাফিকের গতিবেগ স্টাডি
৪. ট্রাফিকের ধারণক্ষমতা স্টাডি
৫. যাত্রার স্থান ও গন্তব্যস্থল স্টাডি
৬. পাকিং স্টাডি
৭. দুর্ঘটনা স্টাডি

ট্রাফিক নিয়মনীতির উপযোগিতা

- ❖ চালকের উপর নিয়ন্ত্রণ
- ❖ যানবাহনের উপর নিয়ন্ত্রণ
- ❖ ট্রাফিক প্রবাহের উপর নিয়ন্ত্রণ
- ❖ সাধারণ নিয়ন্ত্রণ

ট্রাফিক সাইনের উপযোগিতা

যেহেতু গাড়ির চালককে পূর্বেই বিভিন্ন তথ্য সম্পর্কে অবগত করানো হয়, ফলে চালক কোনো নির্দিষ্ট গন্তব্যে পৌঁছার জন্য সমস্ত কাজ সঠিকভাবে সম্পাদন করতে পারে। ট্রাফিক সাইনের মাধ্যমে যানবাহন চলাচল নিয়মমাফিক নিয়ন্ত্রন করে সড়ককে নিরাপদ ও দুর্ঘটনামুক্ত করা যেতে পারে।

অধ্যায়-০৮

সড়ক ও জনপথ নির্মাণে
ব্যবহৃত যন্ত্রপাতি

যে টপিকগুলো নিয়ে আলোচনা করা হবে:

- কাজের স্থান পরিকারকরণের যন্ত্রপাতি
- মাটি খনন ও স্থানান্তরের যন্ত্রপাতি
- মাটি দৃঢ়করণ ও সমতলকরণের যন্ত্রপাতি
- রোড মেটাল ভাঙ্গার যন্ত্রপাতি
- বিটুমেন সড়ক নির্মানের যন্ত্রপাতি
- আর.সি.সি সড়ক নির্মানের যন্ত্রপাতি
- বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি

কাজের স্থান পরিষ্কারকরণের যন্ত্রপাতি

- বুল ডোজার, এ্যাংগেল ডোজার, ট্রি ডোজার
- রুটার
- ট্রাক্টর
- স্ক্রোপার

মাটি খনন ও স্থানান্তরের যন্ত্রপাতি

- ড্রাগলাইন
- স্ক্রেপার
- পাওয়ার শোভেল
- রুটার
- ক্লামশেল
- হো

মাটি দৃঢ়করণ ও সমতলকরণের যন্ত্রপাতি

- স্মুথ লুইল রোলার
- শিপ ফুট রোলার
- গ্রিড রোলার
- ভাইব্রেটরী রোলার
- টেম্পিং যন্ত্র
- রাবার টায়ার বা নিউম্যাট্রিক টায়ার

রোড মেটাল ভাঙ্গার যন্ত্রপাতি

প্রাথমিক পর্যায়

- ১) “জ” ক্রাশার
- ২) গাইরেটরি ক্রাশার
- ৩) হ্যামার মিল ক্রাশার।

দ্বিতীয় পর্যায়

- ১) হ্যামা মিল ক্রাশার
- ২) রোলার মিল ক্রাশার।

রোড মেটাল ভাঙ্গার যন্ত্রপাতি (চলমান)

তৃতীয় পর্যায়

- ১) রোলার ক্রাশার
- ২) রড মিল বা বল মিল ক্রাশার

বিটুমেন সড়ক নির্মানের যন্ত্রপাতি

- ❖ বিটুমেন বয়লার
- ❖ বিটুমেন স্প্রেয়ার
- ❖ বিটুমেন মিক্সার অ্যান্ড স্প্রেডার
- ❖ গ্রিটার বা গ্রিটিং মেশিন
- ❖ বিটুমেন পুরিং পট

বিটুমেন সড়ক নির্মানের যন্ত্রপাতি(চলমান)

❖ হট মিক্স প্লান্ট

- ১) ব্যাচ টাইপ
- ২) কন্টিনিউয়াস টাইপ

❖ বিটুমেন পেভার

আর.সি.সি সড়ক নির্মানের যন্ত্রপাতি

১. কংক্রিট ব্যাচিং প্লান্ট
২. কংক্রিট মিক্সিং প্লান্ট

- ❖ ব্যাচ মিক্সারস
- ❖ কন্টিনিউয়াস মিক্সারস
- ❖ বা
- ❖ টিলটিং মিক্সারস
- ❖ নন-টিলটিং মিক্সারস
- ❖ ওপেন পেন মিক্সারস

আর.সি.সি সড়ক নির্মানের যন্ত্রপাতি (চলমান)

- ❖ কংক্রিট পেভার
- ❖ কংক্রিট স্ক্রিড বা হ্যান্ড ফ্লোট
- ❖ কংক্রিট ভাইব্রেটর
- ❖ কংক্রিট ফিনিশার

বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি

বুলডোজার:



বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

বুলডোজারের কাজ:

- ❖ কার্যক্ষেত্র পরিষ্কারকরণ
- ❖ মাটির স্তুপ, গাছের গুড়ি অপসারণ
- ❖ গর্ত ভরাট
- ❖ নষ্ট গাড়ি সরানো
- ❖ মাটি ও অন্যান্য সামগ্রী প্রয়োজনে সরানো।

বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

অ্যাংগেল ডোজার:



বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

অ্যাংগেল ডোজারের কাজ:

- ❖ বুলডোজারের সকল কাজ
- ❖ পার্শ্বদিকে মাটি সরানো ও ভরাটকরণ।

বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

দ্রী ডোজার:



বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

ট্রী ডোজারের কাজ:

- ❖ গাছ উপড়ানো
- ❖ প্রয়োজনে ব্লড বদলিয়ে সকল কাজ করা যায়।

বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

রুটার বা রিপার:



বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

রুটার বা রিপারের কাজ:

- ❖ দাতের ন্যায় অংশ দুটো মাটিতে প্রবেশ করে শিকড়সহ গাছ উপড়ানো যায়।
- ❖ মাটি আলাগা করার কাজ করা যায়।

বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

ট্রাক্টর:



বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

ট্রাক্টরের কাজ:

- ❖ ব্যাপক কার্যপরিধি ।
- ❖ মাটি বহন ও স্থানান্তরকরণ ।
- ❖ কৃষিভূমি কর্ষণ ।
- ❖ রোড সহযোগে বুলডোজারের সকল কাজ ।

বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

স্ক্রিপার:



বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

স্ক্রিপারের কাজ:

- ❖ স্বচালিতভাবে মাটি কাটা, বহন ও খালাসকরণ।
- ❖ মাটি ভরাটের কাজ করণ।
- ❖ এটি একটি অটোমেটিক মেশিন।


বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

গ্রেডার:



বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

শোভেল (মাউন্টিং শোভেল):



বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

শোভেলের কাজ:

- ❖ প্রধান কাজ মাটি খনন, তাছাড়া ওয়াগনে মাটি বোঝাইকরণ।
- ❖ মাটি খনন ও বাকেটে করে উঠিয়ে আনা।
- ❖ শক্ত মাটি খনন ও উঠিয়ে আনা।
- ❖ ভিজা মাটি খনন, স্থায় অবস্থানের নিচ হতে নরম মাটি খনন বা উঠানো।
- ❖ আলাগা মাটি খনন ও উঠিয়ে আনা।

বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

রোলার:



বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

রোলারের কাজ:

- ❖ স্তরে স্তরে মাটি দৃঢ়াবদ্ধকরণ।
- ❖ কর্দম ও বেলে কর্দম মাটি দৃঢ়াবদ্ধকরণ।
- ❖ সংসক্তিহীন মাটি স্বল্প সময়ে দৃঢ়াবদ্ধকরণ।

বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

বিটুমেন বয়লার:



বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

বিটুমেন বয়লারের কাজ:

❖ বিটুমেন নির্দিষ্ট তাপমাত্রায় গরম করা ।

বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

বিটুমেন স্প্রেয়ার:



বিভিন্ন যন্ত্রপাতির পরিচিতি (চলমান)

বিটুমেন স্প্রেয়ারের কাজ:

❖ সড়কে তরলীকৃত বিটুমেন ছড়িয়ে দেয়া।

অধ্যায়-০৯

সড়ক ও জনপথ এর ব্যর্থতার
কারণ ও রক্ষণাবেক্ষণসমূহ


যে টপিকগুলো নিয়ে আলোচনা করা হবে:

- সাবগ্রেড,বেস এবং ওয়্যারিং কোর্স ব্যর্থতা
- নমনীয় পেভমেন্টের প্রধান প্রধান ব্যর্থতাগুলো
- সি.সি এবং আর.সি.সি সড়কের প্রধান প্রধান ব্যর্থতাগুলো
- সি.সি এবং আর.সি.সি সড়কের ব্যর্থতার কারণসমূহ
- রুটিন মেইনটেন্যান্স ধারায় সড়ক রক্ষণাবেক্ষণের গুরুত্ব
- সড়ক রক্ষণাবেক্ষণ কাজের শ্রেণিবিন্যা
- বিভিন্ন ধরনের সড়কের রক্ষণাবেক্ষণ
- সড়ক পৃষ্ঠ উচুনিচু ও ঢেউখেলা হওয়ার কারণ
- সড়ক পৃষ্ঠ উচুনিচু ও ঢেউখেলা হওয়ার প্রতিকার

সাবগ্রেড,বেস এবং ওয়্যারিং কোর্স ব্যর্থতা

সাবগ্রেডের ব্যর্থতা

স্থিতিস্থাপক বিকৃতি: সাবগ্রেডের ভারবহন ক্ষমতার কম লোড প্রয়োগ করলে অস্থায়ী বিকৃতি দেখা দেয় এবং লোড লোড সরালে তা পূর্বের অবস্থায় ফিরে যায়।




চিত্র : ২১.১ স্থিতিস্থাপক বিকৃতি

সাবগ্রেড,বেস এবং ওয়ারিং কোর্স ব্যর্থতা (চলমান)

সাবগ্রেডের ব্যর্থতা

কনসলিডেশন বিকৃতি: সাবগ্রেডে স্থিতিস্থাপক বিকৃতির চেয়ে বেশী লোড প্রয়োগ করলে মাটি হতে পানি ও বায়ু বের হয়ে আসে এবং লোড সরানোর পর বিকৃতি সম্পূর্ণরূপে লোপ পায় না।




চিত্র : ২১.২ কনসলিডেশন বিকৃতি

সাবগ্রেড,বেস এবং ওয়্যারিং কোর্স ব্যর্থতা (চলমান)

সাবগ্রেডের ব্যর্থতা

প্লাস্টিক বিকৃতি: সাবগ্রেডে কনসলিডেশন বিকৃতির চেয়ে বেশী লোড প্রয়োগ করলে মাটি হতে পানি ও বায়ু বের হয়ে আসে এবং মৃত্তিকার কণারও স্থানচ্যুতি ঘটে।



চিত্র ৪ ২১.৩ প্লাস্টিক বিকৃতি

সাবগ্রেড ,বেস এবং ওয়্যারিং কোর্স ব্যর্থতা (চলমান)

সাবগ্রেডের ব্যর্থতা

ব্যর্থতার কারণ প্রধানত দুটি:

- ১) অপরিাপ্ত স্থায়িত্ব
- ২) অত্যধিক পীড়নের প্রয়োগ

সাবগ্ৰেড ,বেস এবং ওয়্যারিং কোর্স ব্যর্থতা (চলমান)

সাবগ্ৰেডের ব্যর্থতা

অপর্যাপ্ত স্থায়িত্ব:

- ❖ সাবগ্ৰেডের মাটি নিজেই দুর্বল
- ❖ সাবগ্ৰেডের মাটিতে অত্যধিক আদ্রতার উপস্থিতি
- ❖ সাবগ্ৰেড উত্তমরূপে দৃঢ় না করা ।

সাবগ্ৰেড ,বেস এবং ওয়্যারিং কোর্স ব্যর্থতা (চলমান)

সাবগ্ৰেডের ব্যর্থতা

অত্যধিক পীড়নের প্রয়োগ:

ডিজাইন পীড়ন অপেক্ষা অধিক পীড়ন সাবগ্ৰেডে পতিত হলে সাবগ্ৰেডের উপর সরাসরি বার বার ভার পড়ার কারণে বিকৃতির পরিমাণ বৃদ্ধি পায় ।

সাবগ্রেড ,বেস এবং ওয়্যারিং কোর্স ব্যর্থতা (চলমান)

বেস এর ব্যর্থতা:

- ❖ অপরিাপ্ত শক্তি বা স্থায়িত্বতা
- ❖ বেস সামগ্রীর বন্ধন শক্তি হারানো
- ❖ বেস সামগ্রী সরে যাওয়া
- ❖ বেস সামগ্রীর গুনাগুন নষ্ট হওয়া
